হৃদেতি। দময়ন্তী আত্মানং প্রত্যাহ। হে স্ব আত্মন্ যাবৎ যৎকালপর্য্যন্তং তে ত্বয়া কায়ঃ ন ত্যজ্যেত ন মুচ্যেত তাবৎ যস্তে তব হৃদয়ৌকাঃ হৃদয়মোকঃ আশ্রয়ো যস্য স হৃদয়বাসী নলঃ তেন নলেন হৃদি হৃদয়ে অধিকায়স্তেন অধিকং অত্যন্তং আয়স্তেন ব্যাকুলেন ন স্থীয়েত অপি তু স্থাতব্যমেব। কিমিব যথৈব পাবকায়ঃ পাবকেঽগ্নৌ অয়ো লৌহমিব দহনগতলৌহমিবেত্যর্থঃ। হে আত্মন্ যাবৎ ত্বমিমং কায়ং ন জহাসি তাবৎ বিরহানলপ্রদীপ্তে মদ্ধৃদি নলঃ স্থাস্যতি। যথাগ্নৌ লৌহমেবং তস্য মৎপ্রিয়স্য দুঃখং ভবতীতি তং শীঘ্রং কায়ং জহীহীতি ভাবঃ। "স্বো জ্ঞাতাবাত্মনি"। স্থীয়েতেতি ঘ্রামাস্থাগাপাজহাতিসাং হলীতি দীর্ঘঃ। "পিণ্ডং কালায়সায়সী"। আয়স্তেতি আঙ্পূর্ব্বক যসুপ্রযত্নে ধাতোঃ ক্তঃ ॥ ৩০ ॥

যস্যেতি। অয়ং স্বজনো বন্ধুবর্গঃ যস্য পদে তব রাজ্যে যং ত্বাং জন-

---

বুদ্ধিতে এইরূপ পাপানুষ্ঠান করেন নাই। আমি যে এই দুঃখসঙ্কটে পতিত হইয়াছি, এ বিষয়ে আপনারে কোনপ্রকারে দোষ দিতে পারি না। আপনি সর্ব্বতোভাবে দূষণরহিত ॥ ২৯ ॥

অনন্তর ভৈমী আপনা আপনি বলিতে লাগিলেন, হে আত্মন্! যাবৎ তুমি দেহত্যাগ না করিতেছ, তাবৎ তোমার হৃদয়বাসী নল হৃদয়ে অতিমাত্র ব্যাকুল হইয়া, পাবকপতিত লৌহের ন্যায়, অবস্থিতি করিবেন ॥ ৩০ ॥

পুনরায় তিনি নলকে উদ্দেশ করিয়া, বলিতে লাগিলেন, হে কান্ত! হে

যদযশসানুরুরোদঃকুহরং যো দ্বেষ্টুরঞ্জসাঙ্গুরুরোদঃ।
অদ্রেঃ সানুরুরোদঃ কিমাপ দয়িতো মমেতি সাম্বুরুরোদ ॥৩২॥

রুরো যদ্‌যশসা রোদঃকুহরং অনুরু যঃ অঞ্জসা দ্বেষ্টুঃ নুঃ উরোদঃ মম দয়িতঃ অদঃ অদ্রেঃ সানু কিং আপ ইতি সা অনুরুরোদ ॥৩২॥

পদেশং রাষ্ট্রাধিপং প্রাপ্যাধিগম্য শং কল্যাণং কং সুখং ইতঃ প্রাপ্তবান্। হে কমিত কান্ত হে অরিবৃন্দে শত্রুসমূহে অশঙ্ক শঙ্কারহিত হে মিতস্মিত মিত-পরিহাস ত্বং ইতো বনাৎ কং দেশং ভুবং উপাগতোসি গতবানসি। যং স্বপদেশমিতি পাঠে স্বপদেশং শোভনোঽপদিশ্যত ইত্যপদেশো নাম তাদৃশং শোভনাখ্যং যং প্রাপ্য স্বজনঃ কং সুখং অয়ং শুভাবহবিধিং ইতঃ প্রাপ্তঃ। যদ্বা স্বপদে স্বস্থানে স্থানান্তরং। কথম্ভূতং অশং অকল্যাণং ইত্যর্থঃ। দময়ন্তী বিলপন্তীদমাহ হে নল যং ত্বাং রাজ্যাধিপং প্রাপ্যাত্মীয়-লোকঃ সুখং প্রাপ্তবান্ স মাং দুঃখজলধৌ মজ্জন্তীমুপেক্ষ্য অস্মাদ্‌বনাৎ কং দেশং গতবান্। "পদং ব্যবসিতত্রাণস্থানলক্ষ্যাঙ্ঘ্রিবস্তুষু"। শং সুখং। কমু-কান্তাবিত্যস্য ক্তে। "বন্ধুস্বস্বজনাঃ সমাঃ। স্বোজ্ঞাতাবাত্মনি স্বন্ত্রিষাত্মীয়ে স্বোস্ত্রিয়াদ্ধনে"। স্বপদ ইতি নিমিত্তসপ্তমী ॥ ৩১ ॥

যদিতি। হে রুরো হে চিত্রমৃগ যদ্যশসা যস্য কীর্ত্ত্যা রোদঃকুহরং একোক্ত্যা রোদঃশব্দঃ সান্তঃস্বর্গভূমী বাচী তয়োঃ কুহরং বিবরং অনুরু অবিপুলং অল্পং কৃতং অপমানিতমিতিভাবঃ। যশ্চ দ্বেষ্টুঃ দ্বেষং কুর্ব্বতো নুঃ পুরুষস্য অঞ্জসা ঝটিতি উরোদঃ উরো বক্ষো দ্যতি খণ্ডয়তীতি তাদৃক্ দ্বিষদ্বক্ষোবিদারণশরবর্ষীত্যর্থঃ। স মম দয়িতো বল্লভো নলো-ঽদোঽদ্রেঃ সানু গিরেঃ সমভূভাগং কিং আপ প্রাপ্তবান্ ইত্যুক্ত্বা অনুরুরোদ পশ্চাৎ অরোদং। বনে দময়ন্তী মৃগং পৃচ্ছতি বনে চরন্ ক্ষীণঃ যৎকীর্ত্ত্যা

মিতস্মিত! হে শত্রুকুলে শঙ্কারহিত! তোমার স্বজনবর্গ তোমাকে রাজ্যে-শ্বর প্রাপ্ত হইয়া, তোমার অধিকারে যুগপৎ স্থান ও কল্যাণ উভয়ই ভোগ করিয়াছে। সেই তুমি এই অরণ্য হইতে কোন্ স্থানে গমন করিলে? ॥ ৩১ ॥

অনন্তর তিনি উন্মাদিনী হইয়া, চিত্রমৃগকে সম্বোধন করিয়া, বলিতে লাগিলেন, হে চিত্রমৃগ! যাহার যশে স্বর্গ ও পৃথিবী এই উভয়ের বিবর-প্রদেশ একবারেই পূর্ণ হইয়া গিয়াছে; যিনি সত্বরেই বিপক্ষপক্ষের বক্ষঃ-স্থল বিদীর্ণ করিয়া থাকেন; সেই আমার দয়িত নল কি এই পর্ব্বতের

শ্রয় কলনামানস্তেত্যয়ঞ্জনো দদতি চাঙ্গনামানস্তে।
হার্দ্দে নামানস্তে জনমেনমশোক কুরু সনামানস্তে॥ ৩৩ ॥
উচ্চশিরোদারাবালপ্যেতি বনে সুবন্ধুরোদারাবা।
ক্রুতিমকরোদারাবা রুক্ষং মরুতলমথোসরোদারাবা॥ ৩৪ ॥

অশোক অয়ং জনঃ আনন্ত ইতি কলনাং শ্রয় অঙ্গনাঃ তে মানং দদতি চ নাম অনন্তে হার্দ্দে এনং জনং তে সনামানং কুরু॥ ৩৩॥

সুবন্ধুরা উদারাবা উচ্চশিরোদারৌ বনে ইতি আলপ্য ক্রুতিং অকরোৎ অথ সরোদারাবা রুক্ষং অবাঃ মরুতলং আর॥ ৩৪॥

দ্যাবাভূমী পূরিতে। যশ্চ দ্বিষদ্বনদাবানলঃ কিম্গিরিসানুং প্রাপ্তবানিত্যুক্ত্বা রুরোদ। "বড্রোরুবিপুলম্। দ্যাবাভূমী চ রোদসী। পুরুষাঃ পূরুষা নরঃ। স্নুঃ প্রস্থঃ সানুরস্ত্রিয়ৌ"। উরোদ ইতি উরোদ্যতীতি দো অবখণ্ডনে ধাতোস্সুপসর্গে ক ইতি কঃ। "কৃষ্ণসাররুরুন্যংকুরংকুশংবররোহিষাঃ"। আপেত্যাপের্লিটি। "পশ্চাৎসাদৃশ্যয়োরনু"। রুরোদেতি রুদির্ অশ্রুবিমোচনে ইত্যস্ত লিটি॥ ৩২॥

শ্রয়েতি। দময়ন্ত্যশোকমুপগম্যাহ হে অশোকবৃক্ষ অয়ং জনো মল্লক্ষণ আনন্ত প্রণমতীতি কলনাম্বুদ্ধিং পূজাং শ্রয়ং গৃহাণ। অঙ্গনাঃ স্ত্রিয়শ্চ তে তব মানং পূজাং দোহদং বা দদতি দদতে। স্ত্রীসংস্পর্শাৎ তব পুষ্পোৎপত্তিরিতি ভাবঃ। নাম সম্ভাবনায়াং। অতো অনন্তে বহুতরে হার্দ্দে প্রেমণি সতি এনং জনং তে তব সনামানং স্বনামা অশোকং শোকরহিতং কুরু। হৃদঃ কর্ম্ম হার্দ্দং। হায়নান্তযুবাদিভ্যোঽণিত্যণ্। হে অশোক ত্বাং নৌমি মামপি শোকরহিতং কুর্ব্বিতি ভাবঃ॥ ৩৩॥

উচ্চেতি। সুবন্ধুরা অত্যন্তসুন্দরী উদারাবা উদরা বা গতির্যস্যাঃ তাদৃশী

সমভূভাগে গমন করিয়াছেন? এই বলিয়া তিনি রোদন করিতে লাগিলেন॥ ৩২॥

অনন্তর তিনি অশোককে সম্বোধন করিয়া বলিতে লাগিলেন, হে অশোক! আমি তোমাকে প্রণাম করিতেছি। তুমি আমার পূজা পরিগ্রহ কর। অঙ্গনারা তোমারে পূজা করিয়া থাকে। তোমার প্রতি আমার সৌহার্দ্দের শেষ নাই। অতএব তুমি আমাকে তোমার সমান নাম অর্থাৎ অশোক (শোকহীন) কর॥ ৩৩॥

পরমসুন্দরী ও উদারস্বভাবা দময়ন্তী সেই উচ্চশির দেবদারুগণে পরি-

মৃগকুলমারব্যাধিপ্রচুরং বিভ্রদ্বনং সমারব্যাধি।
বীথ্যা মারব্যাধিষ্ঠিতভুজগম্ভীমজেয়মারব্যাধি ॥ ৩৫ ॥

ইয়ং ভীমজা মারব্যা বীথ্যা অধিষ্ঠিতভুজগং ব্যাধি সমারব্যাধি আরবি আধিপ্রচুরং মৃগকুলং বিভ্রৎ বনং আর ॥ ৩৫ ॥

দময়ন্তী। উচ্চশিরোদারৌ উচ্চশিরসো দারবো দেবদারুক্রমা যস্মিন্ তাদৃশে বনে ইতি পূর্ব্বোক্তমালপ্যাভাষ্য দ্রুতিং বেগং গতিং বা অকরোৎ। যদ্বা উচ্চশিরা উচ্চগ্রীবা উদারাবা উৎ ঊর্দ্ধং আরাবঃ শব্দো যস্যাঃ সা উচ্চস্বরা উচ্চৈঃ বিলপ্যেতি যাবৎ। যদ্বা এবার্থে বা শব্দঃ উদারা দক্ষিণা। "উদারো দাতৃমহতোর্দক্ষিণেপ্যভিধেয়বৎ" ইতি মেদিনীকরঃ। অস্তি চাদন্তোপি শিরশব্দঃ পিণ্ডং দদাদক্ষয়াশিরে ইতি দর্শনাদিত্যর্থঃ। অথো বেগকরণানন্তরং সরোদারাবা। রোদনশব্দসহিতা রুদন্তী রুক্ষং শুষ্কং অবাঃ ন বিদ্যতে বাঃ জলং যস্মিন্ তাদৃশং মরুতলং মরুদেশং আর গতবতী। ক্বচিদতিসুন্দরে বনে বিলপ্য দময়ন্তী নির্জ্জলং মরুদেশং গতবতী রুদতীতি ভাবঃ। দারুশব্দস্য বৃক্ষে বৃক্ষত্বপ্রবৃত্তিনিমিত্তত্বাদ্ভাষিতপুংস্কত্বেন তৃতীয়াদিষু ভাষিতপুংস্কং পুংবদ্গালবস্যেতি পুংবদ্ভাবাৎ ঘেরাত্বাদি বৃক্ষত্বপ্রবৃত্তিনিমিত্তত্বে চাস্য পুংস্ত্বাশ্রয়ণাৎ। "ভদ্রদারুদ্রুকিলিমং পীতদারু চ দারু চে"ত্যমরঃ। বা গতিগন্ধনয়োরিত্যস্যাবেতি। "বা সমুচ্চয় এবার্থে" ইতি হেমঃ। ঋগতাবিত্যস্যারেতি চ ॥ ৩৪ ॥

মৃগেতি। ইয়ং ভীমজা দময়ন্তী মারব্যা মরোরিয়ং মারবী তয়া বীথ্যা মার্গেণ সমারব্যাধি মারস্য কামস্য ব্যাধিঃ মারব্যাধিঃ তৎসহিতং আরবি সশব্দম্। যদ্বা আরবি আরাঃ ইতস্ততো জঙ্গমা বয়ঃ পক্ষিণো যত্র তৎ। আধিপ্রচুরং মানসীব্যথাবহুলং মৃগকুলং বিভ্রদ্ধারয়দ্বনং আর গতবতী। কীদৃশং বনং ব্যাধি ব্যাধো লুব্ধকস্তৎসহিতং অধিষ্ঠিতভুজগং অধিষ্ঠিতাঃ ভুজগাঃ সর্পা যস্মিন্ তৎ। সমারব্যাধিরিতি সবিসর্গপাঠে দময়ন্তীবিশেষণম্। "পুংস্যাধির্মানসী ব্যথা স্ত্রীরুগ্রুজাচোপতাপরোগব্যাধিগদাময়াঃ।"

বেষ্টিত অরণ্যমধ্যে এইরূপে বিলাপ করিয়া, বেগ অবলম্বন করিলেন। অনন্তর সরবে রোদন করিতে করিতে, জলহীন শুষ্ক মরুস্থলে সমাগতা হইলেন ॥ ৩৪ ॥

ভীমনন্দিনী সেই মরুস্থলস্থ পথ অবলম্বন করিয়া, মদনব্যথাকুল আধি-

সাস্রবনাসারাসাবেগমনা ভীমনন্দনাসারাসা।
সুনয়ননাসারাসাবজগরমগ্রাসি চামুনাসারাসা ॥ ৩৬ ॥
অথ শবরোহাস্যন্তং স্বাসূংশ্চ রিপুতরোহাস্যন্তং।
সমধিরুরোহাস্যন্তং যস্য তদাস্যেঽকরোৎ খরোহাস্যন্তং ॥৩৭॥

সাস্রবনাসারা সাবেগমনাঃ সারাসা সুনয়ননাসা সারা সা ভীমনন্দনা অজগরং আর অসৌ অমুনা অগ্রাসি ॥ ৩৬ ॥

অথ রিপুতরোহা খরঃ শবরঃ স্বাসূন্ হাস্যন্তং তদসূন্ চ অস্যন্তং তং অস্যন্তং তদাস্যে যস্য সমধিরুরোহ হাস্যং অকরোৎ ॥ ৩৭ ॥

আরেতি ঋগতাবিত্যস্য লিটি। "বীথ্যালিরাবলিঃ পঙ্‌ক্তিঃ শ্রেণী লেখাস্তু রাজয়ঃ। বীথী পদব্যাপী"ত্যমরঃ ॥ ৩৫ ॥

সাস্রেতি। সাস্রবনাসারা অস্রবনং অশ্রুজলং তস্যাসারো বেগবর্ষণং তৎসহিতা সাবেগমনা আবেগ উদ্বেগঃ তৎসহিতং মনো যস্যাস্তাদৃশী সারাসা আরাসো রোদনরবস্তৎসহিতা। যদ্বা অসারাসা অসারঃ অস্থিরঃ আস উপবেশনং স্থিতির্ব্বা যস্যাঃ সা ভাবে ঘঞ্। অসৌ ভীমনন্দনা দময়ন্তী অজগরং সর্পং আর প্রাপ্তবতী। অমুনা চাজগরেণ সারা শ্রেষ্ঠা সা দময়ন্তী অগ্রাসি গ্রস্তা। কীদৃশী সুনয়ননাসা নয়নং চ নাসা চ নয়ননাসং সুশোভনং নয়ননাসং যস্যাঃ সা তাদৃশী সুনেত্রনাসিকেতি যাবৎ। মরুতলমটন্তী দময়ন্তী অজগরং অদ্রাক্ষীৎ তেন চাজগরেণ সুমুখী কবলিতা ইতি ভাবঃ। "বনং সলিলকাননে। আসারো বেগবর্ষণম্"। নন্দিগ্রহিপচাদিভ্যো ল্যুণি ন্যচ ইতি ল্যো নন্দনেতি। দ্বন্দ্বশ্চ প্রাণিতূর্য্যসেনাঙ্গানামিতি নয়ননাসমিত্যেকবদ্ভাবঃ। অ[illegible]রেশযুর্ব্বাহম ইত্যস্তী। গ্রসু গ্লসু অদনে লুঙি চিণি বৃদ্ধৌ অগ্রাসীতি। "অশ্রুনেত্রাম্বু-রোদনং চাস্রমস্র চ। সারো বলে স্থিরাংশে চ ন্যায্যে ক্লীবে বরে ত্রিষু" ॥৩৬॥

অথেতি। অথাজগরগ্রসনানন্তরং রিপুতরোহা রিপূণাং তরো বলং

বহুল হৃদয়ে বিবিধশব্দময়, ভুজঙ্গমগণাধিষ্ঠিত, নানাজাতীয়মৃগগণ পরিবেষ্টিত, ব্যাধকুলসঙ্কুল বনমধ্যে উপনীত হইলেন ॥ ৩৫ ॥

তাহাঁর মন আবেগে পরিপূর্ণ হইয়াছিল। তিনি সশব্দে রোদন করিয়া, সবেগে অশ্রুবারি বিসর্জ্জন করিতে লাগিলেন। তদবস্থায় সেই সুলোচনা, সুনাসিকা, সকলের শ্রেষ্ঠা ভীমনন্দনা কোন অজগরের সমীপস্থ হইলেন। সে তাহাঁকে গ্রাস করিল ॥ ৩৬ ॥

সেই অজগর আপনার প্রাণপরিহারপুরঃসর দময়ন্তীর প্রাণবিনাশে

তাম্পুনরেকামযতঃ কৃশাং কিরাতঃ স্মরাতিরেকাময়তঃ।
কান্তারেকামযত স্ত্রিয়ং ন কাঙ্ক্ষেদুপহ্বরেকামযতঃ ॥ ৩৮ ॥

কিরাতঃ স্মরাতিরেকাময়তঃ একাং পুনঃ অয়তঃ কৃশাং তাং কান্তারে অকাময়ত কামযতঃ উপহ্বরে স্ত্রিয়ং ন কাঙ্ক্ষেৎ ॥ ৩৮ ॥

হন্তীতি রিপুতরোহা শত্রুবলঘাতকঃ শবরঃ কিরাতঃ স্বাসূন্ স্বপ্রাণান্ হাস্যন্তং জিহাসন্তং। তদসূংশ্চ তস্যা দময়ন্ত্যা অসূন্ প্রাণান্ স্যন্তং বিনাশয়ন্তং অজগরং সমধিরুরোহ আরূঢ়বান্। তং হাস্যং হাসযোগ্যং অকরোৎ অকার্ষীৎ। কিং কৃত্বা তদাস্যে তস্যাজগরস্যাস্যে মুখে অস্যন্তং খড়্গাগ্রং ন্যস্য নিক্ষিপ্য। শবরঃ কিম্ভূতঃ খরস্তীক্ষ্ণস্বভাবঃ। শবরো দময়ন্তীপ্রাণান্ মারয়িষ্যন্তং তমজগরং খড়্গাগ্রভিন্নমুখং অমারয়দিত্যর্থঃ। রিপুতরোহেতি ব্রহ্মভ্রূণবৃত্রেষু কিবিতি সূত্রেণ ব্রহ্মাদিষ্বেব হন্তেঃ প্রয়োগাচ্চিন্ত্যমিদম্। যদ্বা শবরঃ কথম্ভূতঃ রিপুতরঃ। হা ইতি কৃত্বা। "হা বিষাদে চ শোকে চ কুৎসাহুঃখার্থয়োরপী"তি মেদিনী। হাস্যন্তমিতি। ওহাক্ত্যাগে অতো লটঃ শত্রেতি শতা। "পুংসি ভূম্ন্যসবঃ প্রাণাঃ। তরসী বলরংহসী"। যোন্তকর্ম্মণীত্যস্য স্যন্তমিতি। সমধিরুরোহেতি লিট। হাস্যমিতি তদর্হতীতি যঃ। ৩৭ ॥

তামেতি। তাং দময়ন্তীং একাং একাকিনীং সহায়রহিতাং অয়তঃ দৈবাৎ কৃশাং তনুং দৈববশাৎ দুর্ব্বলামিত্যর্থঃ। স্মরাতিরেকাময়তঃ স্মরস্য কন্দর্পস্যাতিরেকং আধিক্যং স এবাময়ো ব্যাধিস্তস্মাৎ কন্দর্পাধিক্যব্যাধের্হেতোঃ কিরাতঃ কান্তারে মহাবনে অকাময়ত অচীকমৎ স্ত্রীত্বেনেতি শেষঃ ত্বং মম ভার্য্যা ভবেতি কামনাং অকরোদিতি ভাবঃ। অত্র হেতুমাহ কামযতঃ কামেন যতঃ সংযতঃ। কামাতুরঃ উপহ্বরে রহসি স্ত্রিয়ং ন

উদ্যত হইলে, শত্রুবলঘাতক তীক্ষ্ণস্বভাব কোন শবর তাহাকে আক্রমণ পূর্ব্বক, খড়্গের অগ্রভাগ তাহার মুখে ন্যস্ত করিয়া, তৎক্ষণে মারিয়া ফেলিল ॥ ৩৭ ॥

দময়ন্তী দৈববশে দুর্ব্বল হইয়া পড়িয়াছিলেন। তাঁহার কেহ সহায় ছিল না। কিরাত কান্তারমধ্যে তাঁহারে একাকিনী পাইয়া, কামব্যাধির আধিক্য

ধৃতবনমহস্তেন ত্রাতাসি ময়া নম্ন ত্বমহস্তেন।
মানিনি মহস্তেন প্রসীদ শরণাগতাঃ ক মহস্তেন ॥ ৩৯ ॥
সুমুখনিশাপেতেনঃ স্মর দাসানিতি প্রোচ্য বশাপেতেন।
দন্তে শাপেতেন স্থিতয়াসান্তেন চলদৃশাপেতেন ॥ ৪০ ॥

নমু মানিনি ধৃতবনমহস্তেন অহস্তেন ময়া ত্রাতা অসি তেন ত্বং মহ্যং প্রসীদ শরণাগতাঃ ক মহস্তে ন ॥ ৩৯ ॥

সুমুখনিশাপে তে দাসান্ নঃ স্মর ইতি প্রোচ্য অসান্তেন স্থিতয়া চলদৃশা শাপে দন্তে তেন বশাপেতেন পেতে ন ॥ ৪০ ॥

কাঙ্ক্ষেৎ ন ইচ্ছেত কিং অপি কাঙ্ক্ষেদেব "নঞ্ কাকর্থঃ রহোস্তিকমুপহ্বরে" ইত্যমরঃ ॥ ৩৮ ॥

ধৃতেতি। শবরো ভৈমীমাহ নমু ভো মানিনি দময়ন্তি ধৃতবনমহস্তেন ধৃতঃ শ্রিতো বনমহস্তো বনভূমিপ্রান্তং যেন তাদৃশেন অহস্তেন সর্পনাশকেন ময়া ত্বং ত্রাতাসি রক্ষিতাসি। তেন হেতুনা মহ্যং প্রসীদ প্রসন্না ভব। শরণায় আত্মত্রাণায় আগতাঃ প্রাপ্তা জনাঃ ক কুত্র ন মহস্তে ন পূজ্যন্তে। হে দময়ন্তি অজগরং বিনাশ্য ময়া রক্ষিতাসি। অথ শরণাগতায় মে প্রসীদ। মহস্ত ইতি মহ পূজায়ামিত্যস্য কর্ম্মণি লটি। "শরণং গৃহরক্ষিত্রো"রিত্যমরঃ। "নম্বাক্ষেপে পরিপ্রশ্নে প্রত্যুক্তাবধারণে। বাক্যারম্ভেপ্যনুনয়ামন্ত্রণানুজ্ঞয়োর"পীতি হেমঃ। "অন্তঃ স্বরূপে নিকটে প্রান্তে নিশ্চয়নাশয়োঃ অবয়বেপী"তি হেমঃ ॥ ৩৯ ॥

সুমুখেতি। হে সুমুখনিশাপে সুশোভনং মুখং সুমুখং তদেব নিশাপঃ চন্দ্র ইব যস্যাঃ সা সুমুখনিশাপা তস্যাঃ সম্বুদ্ধৌ হে শোভনমুখচন্দ্রে তে তব

বশতঃ তাঁহার প্রতি কামনাপরবশ হইল। কামাতুর হইলে, কোন্ ব্যক্তিই বা নির্জ্জনে স্ত্রীর অভিলাষী না হয়? ॥ ৩৮ ॥

কিরাত তাঁহারে সম্বোধন করিয়া কহিল, অয়ি মানিনি! আমি বনভূমিপ্রান্ত আশ্রয় করিয়া, সর্পকে বিনাশ করত, তোমারে রক্ষা করিয়াছি। অতএব তুমি আমার প্রতি প্রসন্ন হও। দেখ, শরণাগতমাত্রেই সর্ব্বত্র আদরণীয় হইয়া থাকে ॥ ৩৯ ॥

মদনানলে দহ্যমান হইয়া, তাহার বসা পর্য্যন্ত অপগত হইয়াছিল। সে তাঁহারে সম্বোধন করিয়া কহিল, অয়ি সুশোভন-মুখচন্দ্রশালিনি! আমি

দগ্ধসরাগাহিতয়া দময়ন্ত্যা বিপিনভূঃ পরাগাহিতয়া।
উচ্চতরাগাহিতয়া দৃষ্ট্যা ঘোরা চ কন্দরাগাহিতয়া ॥ ৪১ ॥

দগ্ধসরাগাহিতয়া দময়ন্ত্যা তয়া উচ্চতরাগাহিতয়া চ কন্দরাগাহিতয়া দৃষ্ট্যা পরা ঘোরা বিপিনভূঃ অগাহি ॥ ৪১ ॥

নোঽস্মান্ দাসান্ স্মর জানীহি। ইত্যনেন প্রকারেণ প্রোচ্য উক্ত্বা অসাম্বেন ক্রোধেন স্থিতয়া চলদৃশা চঞ্চলাক্ষ্যা শাপে দত্তে বসাপেতেন বসা মেদস্তয়া অপেতেন হীনেন সতা মদনজ্বলনদহ্যমানমেদসা তেন শবরেণ কিন্ন পেতে অপি তু পেতে মূর্চ্ছিতমেব। নঞ্‌কাকর্থঃ। ক্রুদ্ধয়া দময়ন্ত্যা শাপে দত্তে শবরো মূর্চ্ছিতোঽভূদিতি ভাবঃ। সুমুখি বিশাপে তেনেতি পাঠে হে শোভন-মুখি তে তব নঃ অস্মান্ দাসান্ স্মরেতি বিশাপে শাপাভাবে শাপপূর্ব্বমিত্যর্থঃ প্রোচ্য তেন ন পতিতমিতি কাকুঃ। "হৃন্মেদস্ত বপা বসা। সামসান্ত্বমুভে সমে"। পেতে ইতি পততেঃ কর্ম্মণি লিট্ ॥ ৪০ ॥

দগ্ধেতি। দগ্ধসরাগাহিতয়া দগ্ধঃ সরাগঃ সকামো অহিতঃ শত্রুঃ শবরো যয়া সা তাদৃশ্যা তয়া দময়ন্ত্যা পরা অন্যা ঘোরা ভয়াবহা বিপিনভূঃ বনভূমিঃ অগাহি অবগাহিতা। উচ্চতরাগাহিতয়া উচ্চতরা যে অগা বৃক্ষা-স্তেষাহিতয়া আরোপিতয়া তথা কন্দরাগাহিতয়া কন্দরাযুক্তাদ্রৌ আহিতয়া ক্ষিপ্তয়েত্যর্থঃ দৃষ্ট্যা। যদ্বা পরাগাহিতয়া পুষ্পধূলিব্যাপ্তয়া দৃষ্ট্যা তয়া উচ্চতরা বনভূঃ অগাহি বিলোড়িতেত্যর্থঃ। দগ্ধশবরয়া তয়া ভৈম্যা অন্যা অটবী অবগাহিতা কন্দরা চাদর্শি ইতি ভাবঃ। গাহ্ অবগাহনে অস্মাল্লুঙি চিণি ॥ ৪১ ॥

তোমার দাস জানিও। সে এইপ্রকার বাক্য প্রয়োগ করিলে, দময়ন্তী ক্রোধভরে অবস্থিতি করিয়া, চঞ্চল দৃষ্টি বিক্ষেপ করত, যেমন তাহারে শাপ দিলেন, সে তেমনি ধরাসাৎ হইল ॥ ৪০ ॥

দময়ন্তী এইরূপে সেই কামাভিভূত শত্রুকে দগ্ধ করিয়া, উচ্চতর বৃক্ষে ও কন্দরযুক্ত পর্ব্বতে দৃষ্টি আরোপিত ও নিক্ষিপ্ত করিয়া, অন্য এক ভয়ঙ্কর বনভূমিতে প্রবেশ করিলেন ॥ ৪১ ॥

পদবাপদবাপদবাপদবারয়তোদ্রিবনং বিললাপ চ সা।
তরসান্তরসান্তরসান্তরসান্বয়দুঃখ বৃণীষ্ব সখে মরণং ॥ ৪২ ॥
বৃক কোপপুরঃসরমাসরমাসরমাসরমা ভবতা ননু সা।
কিমৃতে দয়িতাদযতোদযতোদযতোদযতোস্তি মমেহ সুখং॥৪৩

অন্বয়ঃ পদবা সা অপদবাপৎ অবার্ অদ্রিবনং অবাপৎ বিললাপ চ সান্তরসান্তর সান্বয়দুঃখ সখে অন্তর তরসা মরণং বৃণীষ্ব ॥ ৪২ ॥

বৃক কোপপুরঃসরং মা আসর মা সর সা ননু ভবতা সরমা অয়তোদযতোদয়তঃ অদয়তঃ দয়িতাৎ ঋতে ইহ মম কিং সুখং অস্তি ॥ ৪৩ ॥

পদবেতি। অন্বয়ঃ শুভদৈবাৎ পদবা পদাভ্যাং বাতীতি পদবা সা দময়ন্তী অপদবাপৎ অপগতা দবাপৎ দবাগ্নিজন্যদুঃখং যস্মাৎ তং তাদৃশমদ্রিবনং পর্ব্বতবনং অবাপৎ লেভে। রয়তো বেগাদবাপদিতি বা। কীদৃশং অবাঃ ন বিদ্যতে বার্জ্জলং যস্মিন্ তৎ জলরহিতং বিললাপ চ পর্য্যদেবীচ্চ। হে সান্তরসান্তর সান্তং অন্তরসহিতং রসান্তরং করুণাতিরিক্তং রসো যস্মাৎ তাদৃশ হে সান্বয়দুঃখ অন্বয়ঃ সন্তানস্তৎসহিতং দুঃখং যস্মিন্ তাদৃশং সান্তরদুঃখ ইতি পাঠে অন্তঃকরণদুঃখসহিত হে অন্তর আত্মন্ সখে মিত্রতর তরসা বেগেন মরণং বৃণীষ্ব বরয়। পদচারিণী দময়ন্তী দববিপদ্রহিতং জলশূন্যং গিরিবনং গতা বিলাপং চাকার্ষীৎ হে আত্মন্ সপরিবারদুঃখাকুল মরণমিদানীং বরয়। সাম্প্রতং কিয়ৎ সহে মম মরণমেব ব[illegible]মিতি ভাবঃ। অবাপদিতি আপের্লৃদিত্বাদঙ্। রপলপজল্পব্যক্তায়াং বাচীত্যস্ম লিটি ললাপেতি। "অন্তরং অবকাশাবধিপরিধানান্তর্দ্ধিভেদতাদর্থ্যে। ছিদ্রাত্মীয়বিনাবহিরবসরমধ্যেঽন্তরাত্মনি" চেত্যমরঃ ॥ ৪২ ॥

বৃকেতি। বনে গচ্ছন্তী কন্দরাতো নিঃসৃতং ব্যাত্তমুখং বৃকং দৃষ্ট্বাহ। হে

দৈববশে-পদচারিণী দময়ন্তী দাবানলজনিত-বিপত্তিশূন্য জলহীন অদ্রিবনে উপনীত হইয়া, এই বলিয়া বিলাপ করিতে লাগিলেন, হে আত্মন্! হে সখে! তোমার দুঃখের বিরাম নাই। তোমার করুণাতিরিক্ত রসও বিনষ্ট হইয়াছে। অতএব তুমি সত্বরে মরণ প্রার্থনা কর। আর দুঃখ সহ করিতে পারি না ॥ ৪২ ॥

অনন্তর তিনি গমন করিতে করিতে, ব্যাদিতবদন বৃককে দর্শন করিয়া,

অয়ি রাক্ষস ভক্ষয় মাং ক্ষুধিতো নবসানবসানবসানবসাঃ।
রুদমুজ্ঝ জনেত্র চ হে করুণান্তরদান্তরদান্তরদান্তরদাং ॥৪৪॥

অয়ি রাক্ষস বসাঃ বসান অনবসান ক্ষুধিতঃ ন বস মাং ভক্ষয় অত্র চ জনে রুজং উজ্ঝ হে করুণান্তরদান্তরদান্তরদ অন্তর্ অদাং ॥ ৪৪ ॥

বৃক তরক্ষো কোপপুরঃসরং ক্রোধপূর্ব্বকং মা মাং আসর আগচ্ছ মাং ভক্ষয়েত্যর্থঃ। মা সর ইতো মা গচ্ছ। নন্থ ভোঃ সা তব স্ত্রী বৃকী ভবতা ত্বয়া সরমা সলক্ষ্মীকা ভবতু। তথাচ মাং ভক্ষ্য স্বস্ত্রিয়া সহ স্থীয়তামিতি ভাবঃ। যদ্বা সা সরমা শ্বাপদত্বাৎ শুনী তব স্ত্রী ত্বয়া সরমা ভবত্বিতি শেষঃ। অতো মা সর অন্যত্র মা গম্যতাং মামেব ভক্ষয়েত্যর্থঃ। অয়তোদযতোদয়তঃ অয়ঃ শুভদৈবং তস্য তোদঃ ক্ষেপস্তত্র যতো রত উদয়োঽভ্যুদয়ো বা যস্য তাদৃশাৎ। অদয়তঃ নিষ্করুণাৎ দয়িতাৎ স্বীয়াৎ নলাৎ ঋতে বিনা ইহাবসরে মম কিং সুখমস্তি স্বাস্থ্যমস্তি। যত্তু হে অয়তোদযতেতি ভিন্নম্পদং অয়ো দৈবং তেন যঃ তোদঃ পীড়া তেন যতঃ বদ্ধঃ দৈবপীড়িত উদয়ত উদ্গচ্ছতঃ। অপরং তথৈবেতি ধ্যেয়ম্। যদ্বা হে বৃক কোপপুরঃসরং মা সর স্বগৃহাৎ মা গচ্ছ আসর পরাবৃত্ত্য আগচ্ছ সা তব স্ত্রী সরমা সলক্ষ্মীকা ভবত্বিত্যর্থঃ। তথা চ ক্রুদ্ধঃ সন্ গৃহাৎ মা গচ্ছেতি ভাবঃ। দময়ন্তী বৃকমাহ হে বৃক ত্বং মাং আসর নলাৎ ঋতে মম কিং সুখং জীবিতেন বা কিং প্রয়োজনম্। অতো মাং ভক্ষয়িত্বা স্বস্ত্রিয়া সহৈব স্থীয়তাং মা বিরহো ভবেতি তাৎপর্য্যার্থঃ। "তরক্ষুস্তু মৃগাদনঃ বৃকোপি"। আসরেতি সর্ত্তের্লোটি। "মা শব্দোঽয়ন্নমাঙ্"। "সরমা শুনী"। "প্রশ্নাবধারণানুজ্ঞানুনয়ামন্ত্রণে নন্থ। পৃথগ্বিনান্তরেণর্ত্তে হি রুক্ নানা চ বর্জ্জনে" ॥ ৪৩ ॥

অয়ীতি। ভৈমী রাক্ষসং দৃষ্ট্বাহ অয়ি অহো রাক্ষস বসাঃ মেদাংসি

কহিতে লাগিলেন, হে বৃক! তুমি রোষপ্রকাশপুরঃসর আসিয়া আমারে আক্রমণ কর; কোন মতেই অপসরণ করিও না। তোমার স্ত্রী তোমার সহিত সুখসচ্ছন্দে বিহার করুক। শুভাদৃষ্টবশে যাঁহার অভ্যুদয় সমাহিত হইয়াছিল এবং দুর্দ্দৈববশে যিনি এখন দয়াশূন্য হইয়াছেন, সেই দয়িত নল ব্যতিরেকে আমার জীবনে আর সুখ কি আছে? ৪৩ ॥

অনন্তর তিনি কোন রাক্ষসকে দর্শন করিয়া, বলিতে লাগিলেন, অয়ি

করমাকরমাকরমাকরমাকলয় ব্যসনং মম পাহি হরে।
দরতোদরতোদরতোদরতো বিরুতৈর্ম্মরুতাং সুকর ত্বমপি॥৪৫

রমাকর ক মম ব্যসনং মাকরং আকরং আকলয় মরুতাং সুকর হরে ত্বং অপি অদরতো-দরতোদরতঃ দরতঃ বিরুতৈঃ পাহি॥ ৪৫॥

বসানাচ্ছাদয় হে অনবসান মরণহীন ক্ষুধিতো বুভুক্ষিতস্ত্বং ন বস ন তিষ্ঠ মাং ভক্ষয়। অত্র চ জনে মল্লক্ষণে করুণান্তরদান্তরদান্তরদ করুণান্তরং করুণাব-কাশস্তেন দান্তং উপশান্তং রদান্তরং দান্তরং দদাতীতি তাদৃক্ করুণাহীন-রদনান্তরপ্রদায়ক। রুজং পীড়াং উজ্ঝ ত্যজ ময়ি পীড়াং ত্যজ। অহং অন্তঃ হৃদয়ং অদাং দত্তবতী। যদ্বা করুণাতুর সত্বরং মদ্বিষয়ে দয়াং ত্যজেত্যর্থঃ। হে দান্তরদান্তরদ দান্তঃ সমর্থঃ রদো দন্তঃ তস্যান্তরেণ দ্যতি খণ্ডয়তি সঃ। হে রাক্ষস ময়ি স্ত্রী অবধ্যেতি রুজং ত্যক্ত্বা মাং ভক্ষয় তুভ্যমহং শরীরং দত্ত-বতীত্যবোচদিতি ভাবঃ। অদামিতি দদাতের্লুঙি। যদপি বহেঃ করুণা-স্তরদান্তরদান্তরদ ইতি পাঠঃ আন্তরং চিত্তং দ্যতি খণ্ডয়তি তাং রুজং ত্যজ। ত্বমত্র জনে করুণাং বহেঃ॥ ৪৪॥

করমেতি। হে রমাকর লক্ষ্মীপ্রদ ক ব্রহ্মন্ মম ব্যসনং বিপদং মাকরং মকরাণামঙ্কং মাকরস্তাদৃশমাকরং খনিং আকরং আকলয় মম শোকং সমুদ্রং জানীহি মরুতাং দেবানাং সুকর অকৃচ্ছ্রকর হে হরে কৃষ্ণনামোচ্চারণেন হরতি পাতকানি ইতি হরিঃ তস্য সম্বোধনং ত্বমপি অদরতোদরতোদরতঃ অদরোঽনল্পো যস্তোদো দুঃখং তত্র রতং উদরমভ্যন্তরং যস্য তাদৃশাৎ দরতো ভয়াৎ বিরুতৈরাশ্বাসনবচনৈঃ পাহি রক্ষ। যদ্বা কং সুখং রমা লক্ষ্মী-স্তয়োরাকরঃ উৎপত্তিভূমিঃ স চাসৌ মাকরঃ শোভাকরশ্চ তৎসম্বোধনং মাকরং মকরসম্বন্ধি সমুদ্রসদৃশং মা লক্ষ্মীঃ তস্যাঃ আকরঃ উৎপত্তিস্থানং সমুদ্র-

---

রাক্ষস! বসা আস্বাদন কর। হে মরণহীন! তুমি ক্ষুধিত হইয়া, আর অবস্থিতি করিও না। আমারে ভক্ষণ কর এবং আমার প্রতি করুণাহীন দন্তান্তর প্রদান কর। স্ত্রী অবধ্য বলিয়া, কোনরূপে দুঃখ করিও না। আমি তোমারে হৃদয়দান করিলাম॥ ৪৪॥

হে লক্ষ্মী-প্রদ ব্রহ্মন্! আমার এই বিপদ সাক্ষাৎ সমুদ্র-স্বরূপ, জানিবেন।

ত্বদরির্নিষধেশ সমৃদ্ধিমনারময়ারময়ারময়ারময়াঃ।
ব্যসনন্ত্বমুপৈষি কদা নু সভীশমনাশমনাশমনাশমনাঃ ॥ ৪৬ ॥

নিষধেশ ত্বদরিঃ সভীশমনা অনারময়া রময়া সমৃদ্ধিং আর ত্বং অনাশমনাঃ ময়া অরং ব্যসনং অয়াঃ কদা নু অনাশং শং উপৈষি ॥ ৪৬ ॥

মিবেতি বার্থঃ। হে ব্রহ্মন্ মম শোকঃ সমুদ্র ইব প্রবৃদ্ধঃ। দেবভয়াপহারিন্ হে কৃষ্ণ ত্বমপীদৃশে কষ্টে মামাশ্বাসবাগ্ভিঃ রক্ষেত্যাহেতি ভাবঃ। "মারুতে বেধসি ব্রধ্নে পুংসি কঃ। খনিঃ স্ত্রিয়ামাকরঃ স্যাৎ"। একত্র করোতীত্যাকরঃ। ঋদোরপ্। "ব্যসনং বিপদি ভ্রংশে দোষে কামজকোপজে"। পাহীতি পা রক্ষণেঽস্য লোটি। সুকরেতি ঈষদ্দুঃখসু কৃচ্ছ্রাকৃচ্ছ্রার্থেষু খল্। "দরোস্ত্রিয়াস্তয়ে শ্বভ্রে"। এবং কস্য ব্রহ্মণো রমাকর লোকাধিপত্যকর হরে। সুকর শোভনহস্ত। দরতোদরতোদরতঃ দরো ভয়ং তস্য তোদো নাশস্তত্র রতমুদরং যস্য তস্য দরতঃ শঙ্খস্য। মরুতাং বায়ূনাং বিরুতৈর্শ্মাং পাহি রক্ষেতি ধ্যেয়ম্ ॥ ৪৫ ॥

ত্বদরিরিতি। হে নিষধেশ নল ত্বদরিঃ পুষ্করঃ অনারময়া অনবসানয়া রময়া লক্ষ্ম্যা রমণ্যা বা সমৃদ্ধিং হর্ষমার প্রাপ্তবান্। ত্বং ময়া সহ অরং শীঘ্রং ব্যসনং বিপত্তিং অয়াঃ গতবানসি। ত্বং কীদৃশঃ অনাশমনাঃ আশেচ্ছা তদ্রহিতং মনো যস্য তাদৃশঃ। যদ্বা ত্বদরিঃ কথম্ভূতঃ অনাশমনাঃ ন বিদ্যতে নাশে বিনাশে মনো যস্য স তথেত্যর্থঃ। সভীশমনা ভীর্ভয়ং তচ্ছমনং শান্তিস্তৎসহিতা শান্তভীতিঃ। অনাশং নাশরহিতং শং সুখং কদা উপৈষি কস্মিন্ কালে উপগচ্ছামি। নু পৃচ্ছায়াং। কদা সুখং লপ্স্যে ইতি ব্যলপৎ। যাতের্লঙি অয়াঃ উপৈমীতীণঃ বিভাষা কদা কর্হ্যোরিতি ভবিষ্যতি লট্। "নু পৃচ্ছায়াং বিকল্পে চ" ॥ ৪৬ ॥

হে দেবগণের সুখসমুৎপাদক হরে! তুমিও আশ্বাসবচন প্রদান করিয়া, আমাকে এই অনল্প দুঃখের আকর ভয় হইতে রক্ষা কর ॥ ৪৫ ॥

হে নিষধেশ! তোমার অরি পুষ্কর অবিনাশিনী লক্ষ্মীর সহায়ে সমৃদ্ধি লাভ করিয়াছে। তাহার ভয়েরও সম্যক্‌রূপ শান্তি হইয়াছে। কিন্তু তুমি আমার সহিত বিপদে পতিত হইলে। তোমার মন একবারেই আশাশূন্য হইয়াছে। না জানি, কতদিনে আবার সুখলাভ করিব ॥ ৪৬ ॥

যমনাযমনাযমনাযমনাগভিবীক্ষ্য রতন্দ্রবতীহ পরঃ।
স রুষো নিষধক্ষিতিনাথ গলন্নবমানবমানবমানবমাঃ॥ ৪৭॥
নয়মানযমানযমানযমাবস এত্য নিবাসমমুন্তবতা।
ভবনীয়মপায়মরীন্নুদযান্নযতানযতানযতানযতা॥ ৪৮॥

গলন্নবমানবমান নিষধক্ষিতিনাথ পরঃ অনায়মনাঃ যং যমনায় মনাক্ রতং অভিবীক্ষ্য ইহ দ্রবতি সঃ অনবমাঃ রুষঃ বম॥ ৪৭॥

নয়মানযমান্ অয়মান যং নিবাসং এত্য আবসঃ অমুং অয়তা উদয়ান্ অনয়তানযতান্ অরীন্ অপায়ং নয়তা ভবতা ভবনীয়ং॥ ৪৮॥

যমনেতি। নয় এব নায়ঃ অনায়মনা অনীতিমনা অনীতিযুক্তঃ অন্যায়পর ইত্যর্থঃ। যদ্বা আয়ো ধনাগমস্তদ্রহিতমনাঃ সন্ পরঃ শত্রুর্ম্মনাগীষৎ যমনায় জীবাপহরণায় রতমাসক্তং যং ত্বাং বীক্ষ্যেহ লোকে পরঃ শত্রুর্দ্রবতি দূরাদেব পলায়তে। হে নিষধক্ষিতিনাথ নিষধেশ নল গলন্ স্খলন্ নবমানবাঃ তরুণাস্তেষাং মানো গর্ব্বো যস্মিন্ তাদৃক্ স ত্বং অনবমাঃ অবমাঃ অধমাঃ ন অবমাঃ অনবমাঃ শ্রেষ্ঠাঃ রুষঃ ক্রোধান্ বম উদ্গির। হে নল যং ত্বাং কৃতানীতিঃ শত্রুর্ঈষমুদ্যতমীষদপ্যালক্ষ্য পলায়তে স ত্বং পরহৃতসর্ব্বস্বঃ তা গিরঃ কথং নোদ্গিরসি বনে বনে কিমটসীতি ভাবঃ। "কিঞ্চিদীষন্মনাগল্পে"। দ্রুগতাবিত্যস্ত লটি দ্রবতীতি। "রুট্ক্রুধৌ স্ত্রিয়ৌ"। টু বম উদ্গিরণেঽস্মাল্লোটি উদ্গিরেতি। "নিকৃষ্টপ্রতিকৃষ্টার্থরেফয়াপ্যাবমাধমাঃ"॥ ৪৭॥

নয়মেতি। নয়মানযমান্ নয়ো নীতির্মানোঽভিমানো যম বিশ্রমো নিয়মো বা তান্ অয়মানঃ প্রাপ্তবান্ তস্ত সম্বোধনে হে নয়মানযমানয়মান নীতিমভিমানং নিয়মঞ্চ বারয়ন্। যং নিবাসং রাষ্ট্রমেত্য প্রাপ্য আবসঃ যস্মিন্ রাষ্ট্রেঽতিষ্ঠঃ। অমুং নিবাসং অযতা প্রাপ্তবতা উদয়ানুদ্গতোঽয়ো

হে নিষধপতি! আপনি তরুণগণের অভিমান খর্ব্বীকৃত করিয়াছেন। নয়মার্গবহির্ভূত শত্রু আপনাকে তাহার নিধনজন্য স্বল্পমাত্র উদ্যোগপরায়ণ দেখিলে, তৎক্ষণাৎ পলায়মান হয়। আপনি এক্ষণে নিরতিশয় ক্রোধ বমন করুন॥ ৪৭॥

হে নল! আপনাতে নীতি, অভিমান ও নিয়ম, সকলই আছে। আপনি যে রাষ্ট্রে পূর্ব্বে বাস করিতেন, অধুনা তথায় গমন করিলে, হিতা-

সনযাসনযাসনযাসনযাহ্যসুহৃদ্ঘটয়া বিপদং স্বপদং।
হিতদেহিতদেহিতদেহিতদেত্যলপদ্বহুধা নরদেবসুতা ॥ ৪৯ ॥

হিতদ সঃ সনয়াসনয়া অসুহৃদ্ঘটয়া বিপদং ন যাহি ইহিতদেহি স্বপদং তৎ এহি সনয়া নরদেবসুতা ইতি তদা বহুধা অলপৎ ॥ ৪৯ ॥

জ্ঞানং যেষাং তাদৃশান্ অনযতানয়তান্ অনযোঽন্যায়ঃ তস্য তানো বিস্তার-স্তত্র যতান্ অন্যায়াসক্তান্ অরীন্ শত্রূনপায়ং নাশং নয়তা প্রাপয়তা ভবতা ত্বয়া ভবনীয়ং ভবিতব্যং। হে নল যন্নিজরাজ্যং প্রাপ্য পূর্ব্বমাস্থাঃ পুনস্তদেব রাজ্যং গচ্ছেতা ত্বয়া শত্রূন্ বিনাশয়িতুং সমর্থেন ভবিতব্যমিতি তদেব নিজ-পুরং গচ্ছতি ব্যলপদিতি ভাবঃ। আবস ইত্যস্যাধারস্য নিবাসমিত্যস্যোপস্ব-ধ্যাঙ্বস ইতি কর্ম্মত্বম্॥ ৪৮ ॥

সনয়েতি। হে হিতদ হিতমীপ্সিতং বস্তু দদাতীতি হিতদ নল স ত্বং সনয়াসনয়া নয়ো নীতিস্তস্যা অসনং ত্যাগস্তৎসহিতয়া ত্যক্তনীত্যা অসু-হৃদ্ঘটয়া শত্রুকরিসমূহেন বিপদং নাশং ন যাহি মা গমঃ। ঈহিতদেহি ঈহিতা ইষ্টা উপকর্ত্তারো দেহিনো জনা যস্মিন্ তাদৃশং তৎ স্বপদং স্বনগরমেহি আয়াহি। ইত্যনেন প্রকারেণ সনয়া নীতিসহিতা নরদেবসুতা ভীমভূপপুত্রী বহুধা বহুপ্রকারং অলপং বিললাপ। যদ্বা হিতদেহিতদেহীত্যেকং পদং হিতদং ঈহিতং চেষ্টিতং যেষাং তে তাদৃশা দেহিনো যত্র তৎ স্বপদং রাজ্য-মেহি। হে নল এবমেকাকী শত্রুহস্তং মা গচ্ছেঃ। শত্রব একাকিনং ত্বাং দৃষ্ট্বা অপকুর্য্যুস্তস্মাৎ স্বকীয়মেব নগরং গচ্ছেতি নানাশঙ্কাকুলা ভৈমী তস্মিন্ বনে বিললাপেতি ভাবঃ। "করিণাং ঘটনা ঘটা"। যা প্রাপণেঽস্য লোটি যাহীতি। "পদং ব্যবসিতিত্রাণস্থানলক্ষ্মাঙ্ঘ্রিবস্তুষু"। এহীতীণো লোটি। অলপদিতি লপ ব্যক্তায়াং বাচীত্যস্য লঙি। বহুধা সংখ্যায়াবিধার্থে ধাচ্। সপ্তভিঃ কুলকম্॥ ৪৯ ॥

হিতবিবেকশূন্য, অন্যায়াসক্ত অরিসমূহকে অবশ্যই বিনাশ করিতে সমর্থ হইবেন ॥ ৪৮ ॥

হে হিতদ! আপনি নয়মার্গবহির্ভূত শত্রুগণের হস্তে পড়িয়া, বিনষ্ট হইবেন না। যেথানে পরম উপকারী লোক সকল আছে, আপনি সেই রাজ্যে আগমন করুন। এই বলিয়া, সেই নয়শালিনী ভীমনন্দিনী বহুধা বিলাপ করিতে লাগিলেন ॥ ৪৯ ॥

সা বিধুরাধাবন্তং রত্নৌঘং কাপি নিরপরাধাবন্তং।
সার্থং রাধাবন্তং প্রৈক্ষিষ্টাপচ্চ সুতনুরাধাবন্তং ॥ ৫০ ॥
ব্যাকুলয়েবারিতয়া বিধেগতিরনেন সিদ্ধয়েবারিতয়া।
অপিচ যযেবারিতয়া যথা শফর্য্যা জলোচ্চয়েবারিতয়া ॥ ৫১ ॥

বিধুরা সুতনুঃ নিরপরাধা সা কাপি রত্নৌঘং অবন্তং রাধাবন্তং ধাবন্তং সার্থং প্রৈক্ষিষ্ট আধৌ অন্তং আপৎ চ ॥ ৫০ ॥

বিধেঃ অরিতয়া ব্যাকুলয়া ইব তয়া সিদ্ধয়ে অনেন গতিঃ অবারি অপি চ বারিতয়া বারিতয়া শফর্য্যা জলোচ্চয়ে যথা যযে ॥ ৫১ ॥

সেতি। বিধুরা বিরহিতা সুতনুঃ শোভনাঙ্গী সা দময়ন্তী নিরপরাধা- অপরাধরহিতা কাপি কস্মিন্নপি দেশে রত্নৌঘং রত্নসমূহং অবন্তং রক্ষন্তং সরত্ন- সমূহং রাধাবন্তং রাধা সমৃদ্ধিস্তৎসহিতং ধাবন্তং গচ্ছন্তং সার্থং জনসমূহং প্রৈক্ষিষ্ট দৃষ্টবতী। আধৌ মনঃপীড়ায়াং অন্তং অবসানঞ্চ প্রাপল্লেভে। বনে- ঽটন্তী সার্থমাসাদ্য মনঃপীড়াং জহাবিতি ভাবঃ। ধাবুগতিশুদ্ধ্যোরিত্যস্য ধাবন্তমিতি। রাধসাধসংসিদ্ধাবিত্যস্য বিস্তিদাদিভ্যোঽঙিত্যঙি রাধেতি। প্রৈক্ষিষ্টেতীক্ষদর্শনাঙ্কনয়োরিত্যস্য লঙি। আপের্লুঙি আপদিতি। "সঙ্ঘ- সার্থৌ তু জন্তুভিঃ"। "পুংস্যাধির্মানসী ব্যথা" ॥ ৫০ ॥

ব্যাকুলেতি। বিধের্দ্দৈবস্যারিতয়া শত্রুত্বেন ব্যাকুলয়া ই অত্রাপি বিধাতা শত্রুরভূদিতি উদ্‌ভ্রান্তয়েব তয়া দময়ন্ত্যা সিদ্ধয়ে নলাদে রূপকার্য্যস্য ভীমপুরপ্রাপ্তয়ে বা অনেন সার্থেন সহ গতির্গমনমবারি ভেজে বৃতা বা। বারিতয়া কা ত্বং কুত্র যাসি ইতি নিবারিতয়াপি চ যযে গতম্। কয়া যথা বারিতয়া বাঃ জলমিতয়া প্রাপ্তয়া শফর্য্যা জলোচ্চয়ে জলবৃদ্ধৌ যথা। জনো- চ্চয় ইতি পাঠে জনসঙ্ঘে তয়া যযে ইত্যর্থঃ। অবারিতয়া ইত্যকারপ্রশ্লেষে অনিষিদ্ধয়েত্যর্থঃ। অবাঃ জলরহিতং নির্জ্জলমিতয়া শফর্য্যেব। অহমপি

অনন্তর সেই পতিবিয়োগবিধুরা পরমশোভনাঙ্গী নিরপরাধা দময়ন্তী কোন স্থানে পরমসমৃদ্ধিশালী লোক সকলকে রত্নরাশি সমভিব্যাহারে গমন করিতে দেখিলেন। তদ্দর্শনে তাঁহার মনোবেদনার কথঞ্চিৎ পরিহার হইল ॥ ৫০ ॥

দৈবের শত্রুতা বশতঃ দময়ন্তী যেন নিতান্ত উদ্‌ভ্রান্তা হইয়া উঠিয়া- ছিলেন। তিনি নলকে অন্বেষণ অথবা পিতৃপুরে গমন করিবার মানসে

প্রতিষিদ্ধান্যায়স্য প্রাপি সুবাহোশ্চ রাজধান্যায়স্য।
বহুধনধান্যায়স্য প্রবভূর্বৃন্দানি বহুবিধান্যায়স্য ॥ ৫২ ॥
সঙ্গুপ্তা মাত্রাসানন্দং রাজ্ঞো ভৃতা চ নামাত্রাসা।
শোকেনামাত্রাসাববসদ্ধৃতদেহযাপনামাত্রাসা ॥ ৫৩ ॥

আয়স্য প্রতিষিদ্ধান্যায়স্য সুবাহোঃ বহুধনধান্যা চ রাজধানী প্রাপি যস্য আয়স্য বহুবিধানি বৃন্দানি প্রবভুঃ ॥ ৫২ ॥

সঙ্গুপ্তা অসৌ রাজ্ঞঃ মাত্রা সানন্দং ভৃতা চ নাম সা অত্র অত্রাসা ধৃতদেহযাপনামাত্রা শোকেন অমা অবসৎ ॥ ৫৩ ॥

ভবৎসঙ্গে সমেষ্যামীত্যুক্ত্বা নিষিদ্ধয়াপি ভৈম্যা গতমিতি ভাবঃ। "ভাগ্যং স্ত্রীনিয়তির্ব্বিধিঃ"। বৃঞ্ সম্ভক্তাবিত্যস্য লুঙি চিণ্যবারীতি। যা প্রাপণে ইত্যস্য ভাবে লিটি যযে। "বার্বারি সলিলং কমলং জল"মিত্যমরঃ। অত্রেয়ং ভারতবার্ত্তা তত্র বনে গচ্ছন্তং বণিক্সার্থং সা দদর্শ তাঞ্চ দৃষ্ট্বা তেষাং মধ্যে কশ্চিৎ শুচিনামা বণিক্ কা ত্বং কস্যাসি ক্ব যাসি ইত্যাহ। ততস্তয়া ভীতয়া স্ববৃত্তান্তং কথিতং কুত্রাপি ভবদ্ভির্নলো দৃষ্ট ইতি পৃষ্টাঃ। ন বয়ং নলং বিদ্ম ইত্যূচুঃ। ততঃ ক্ব যাস্যথঃ ইত্যুক্তাঃ সুবাহুনাম্নশ্চেদিরাজস্য দেশে বাণিজ্যার্থং যাস্যামঃ ইত্যূচুঃ। ততঃ তৈঃ সার্দ্ধং সাপি যযৌ ইতি ॥ ৫১ ॥

প্রতীতি। আয়স্য পদগমনেন আয়াসং কৃত্বা। প্রতিষিদ্ধান্যায়স্য প্রতিষিদ্ধো নিরাকৃতোঽন্যায়োঽনীতির্যেন তাদৃশস্য সুবাহুনাম্নো রাজ্ঞঃ রাজধানী নগরী প্রাপি চ প্রাপ্তা চ। কীদৃশী বহুধনধান্যা বহুতরং ধনধান্যং যস্যাঃ সা। যস্য সুবাহোঃ আয়স্য ধনাগমস্য বহুবিধানি নানাপ্রকারাণি বৃন্দানি সমূহাঃ প্রবভুঃ রেজিরে। এবং সার্থেন সহ ব্রজন্ত্যা ভৈম্যা আয়াসেন সুবাহুপুরী প্রাপ্তেতি ভাবঃ। প্রাপেত্যাপের্লুঙি চিণ্ প্রবভুরিতি ভাতের্লিটি ॥ ৫২ ॥

সঙ্গুপ্তেতি। অসৌ দময়ন্তী সঙ্গুপ্তা বপুর্ম্মালিন্যাৎ দময়ন্তীতি জ্ঞাতুমশক্যা রাজ্ঞঃ সুবাহোর্ম্মাত্রা সানন্দং যথা স্যাদেবং ভৃতা পোষিতা। নাম সম্ভা-

---

তাহাদের সহিত যাইবার জন্য প্রার্থনা করিলেন। তাহারা বারণ করিলেও, জলবৃদ্ধিসময়ে সলিলসঞ্চারিণী শফরীর ন্যায়, গমন করিতে লাগিলেন ॥ ৫১ ॥

অনন্তর, যিনি অন্যায় নিরাকৃত করিয়াছেন এবং যাঁহার নানা দিকে নানা প্রকারে ধনাগম হইয়া থাকে, দময়ন্তী পদগমনপ্রযুক্ত আয়াসস্বীকার-পুরঃসর সেই সুবাহুর ধনধান্যবহুল রাজধানীতে গমন করিলেন ॥ ৫২ ॥

দময়ন্তীর দেহ নিতান্ত মলিন হইয়াছিল। সেজন্য তাঁহাকে কোনমতেই চিনিতে পারা যায় না। সুবাহুর জননী আনন্দে তাহাঁরে পোষণ করিতে লাগি-

পদাপদা পরিভ্রমন্নয়েন যাপদাপদা।
বনাবনাবনাথবৎ সজীবনাবনাভবৎ ॥ ৫৪ ॥

ইতি বোধিনীটীকাসহিতে শ্রীকালিদাসকৃতে নলোদয়ে
সৎকাব্যে তৃতীয়সর্গঃ।

অপদা যা নয়েন আপদা পদা বনাবনৌ অনাথবৎ পরিভ্রমং আপৎ সজীবনাবনা অভবৎ॥৫৪॥

বনায়াং। অত্র সুবাহ্বন্তঃপুরে অত্রাসা ত্রাসরহিতা ধৃতদেহযাপনামাত্রা ধৃতং দেহযাপনামাত্রং শরীরস্থিতিমাত্রং যয়া সা তাদৃশী দেহধারণার্থং ভুঙ্‌ক্তে নতু সৌখ্যার্থমিতি ভাবঃ। শোকেন অমা শোকসহিতা সা ভৈমী অবসৎ বাসমকরোৎ। যদ্বা ধৃতা দেহযাপনমাত্রে আশা যযেতি সা ধৃতদেহযাপনামাত্রাশেত্যেকং পদম্। অত্র পক্ষে যমকে শসয়োরভেদো ন দোষায়। "যমকশ্লেষচিত্রেষু রলয়োর্ডলয়োর্ন ভিৎ। নানুস্বারবিসর্গৌ চ চিত্রভঙ্গায় সংমতৌ" ইতিবৎ। অসৌ ভৈমী সুবাহুমাত্রা দময়ন্তীত্যনভিজ্ঞায় সানন্দমপুষৎ সা চ শরীবরক্ষামাত্রাহারাভূদিতি ভাবঃ। অবসদিতি বসের্লঙি। অত্রেয়ং ভারতবার্ত্তা সায়াহ্নে ভৈমী বণিগ্‌ভিঃ সার্দ্ধং সুবাহুনগরং প্রাপ্তা। অথ প্রাসাদস্থা রাজমাতা তাং দৃষ্ট্বা ধাত্রীদ্বারা স্বসমীপমানীয় কা ত্বমিতি প্রোবাচ। ততঃ দময়ন্ত্যাঃ পরিচারিকাহমিতি ভৈম্যাহ। রাজমাতোবাচ অত্র তিষ্ঠ। ততো নির্ব্বন্ধং চকার পাদসেবনমুচ্ছিষ্টফেটনং ন করিষ্যামিতি ॥ ৫৩ ॥

পদেতি। অপদা অত্রাণা অস্থানা বা যা দময়ন্তী নয়েন [illegible]ত্যা কৃত্বা আপদা বিপত্ত্যা পদা চরণেন বনাবনৌ বনভূমৌ অনা[illegible], পরিভ্রমং পর্য্যটনং আপৎ লেভে। সা সজীবনাবনা জীবনং তস্য অবনং রক্ষণং তৎসহিতা সজীবিতরক্ষাভবৎ। যা ভৈমী বিপদি চরণাভ্যাং বনভূমৌ পর্য্যভ্রমীৎ সা জীবনরক্ষণং প্রাপেতি ভাবঃ। "পদঙ্ঘ্রিশ্চরণোঽস্ত্রিয়াম্"। আপদিত্যাপের্লঙি। "বিপত্ত্যাং বিপদাপদৌ"। অভবদিতি ভবতের্লঙি ॥ ৫৪ ॥

ইতি বোধিনীটীকাসহিতে শ্রীকালিদাসকৃতে নলোদয়ে
সৎকাব্যে তৃতীয়সর্গঃ।

লেন। তিনি তথায় কোন রূপে দেহযাপনমাত্র অবলম্বন করিয়া, নির্ভয়ে বাস করিতে লাগিলেন। কিন্তু তাঁহার শোকের কোনপ্রকার পরিহার হইল না॥৫৩॥

দময়ন্তী স্বপদপরিভ্রষ্টা হইয়া, একমাত্র নীতিবলে আপৎসময়ে পদব্রজে অনাথার ন্যায়, বনভূমিতে পরিভ্রমণ করিয়াছিলেন। অধুনা, তাঁহার জীবনের রক্ষা হইল ॥ ৫৪ ॥

তৃতীয় সর্গ সমাপ্ত।

চতুর্থ সর্গঃ।

অথ তুঙ্গোপায়স্য শ্রবণেন নলস্য সানুগোপায়স্য।
বশগা গোপা যস্য স্বমনো ভীমশ্চিরং জুগোপায়স্য ॥ ১ ॥
নিশি চ দিবাচার্য্যস্যক্ষতস্য নলবিচিন্তয়েথবাচার্য্যস্য।
ভৃশমেবাচার্য্যস্য দ্বিজোত্তমৈঃ শিষ্যকৈরিবাচার্য্যস্য ॥ ২ ॥

অথ তুঙ্গোপায়স্য নলস্য অপায়স্য শ্রবণেন সানুগঃ ভীমঃ চিরং আযস্য স্বমনঃ জুগোপ যস্য গোপাঃ বশগাঃ ॥ ১ ॥

অথ অস্য অর্য্যস্যক্ষতস্য আর্য্যস্য বাচা দ্বিজোত্তমৈঃ আচার্য্যস্য শিষ্যকৈঃ ইব নলবিচিন্তয়ে নিশি চ দিবা চ ভৃশং এব অচারি ॥ ২ ॥

অথেতি। অথানন্তরং তুঙ্গোপায়স্য তুঙ্গ উচ্চ উপায়ঃ সামাদির্যস্য তাদৃশস্য নলস্য অপায়স্যাপক্রমণস্য দুঃখস্য বা শ্রবণেন সানুগঃ অনুগচ্ছন্তীত্যনুগাস্তৈঃ সহিতঃ সানুচরঃ চিরং বহুকালং আযস্য প্রয়াসং কৃত্বা নলান্বেষণায় ভীমঃ স্বমনঃ স্বস্য মনঃ মানসং জুগোপ রক্ষিতবান্। যস্য ভীমস্য গোপাঃ গাং ভূমিং পান্তীতি গোপাঃ রাজানঃ গ্রামৌঘাধিকারিণো বা গোপজাতীয়া বা বশগা আয়ত্তাঃ। নলাপগমনং শ্রুত্বা তদন্বেষণার্থং বহুধা আযস্য শোকসহিতং স্বহৃৎ কথঞ্চিদরক্ষৎ। "গোপো গোপালকে গোষ্ঠাধ্যক্ষে পৃথ্বিপতাবপি। গ্রামৌঘাধিকৃতে পুংসী"তি মেদিনীকরঃ। "স্থায়ুকোধিকৃতো গ্রামে গোপো-গ্রামেষু ভূরিষু" ইত্যমরশ্চ ॥ ১ ॥

নিশীতি। অস্য ভীমস্য বাচা বচনেন দ্বিজোত্তমৈর্ব্রাহ্মণশ্রেষ্ঠৈর্নলবিচিন্তয়ে নলান্বেষণায় নিশি রাত্রৌ চ দিবা চ দিবসে ভৃশমেব অত্যর্থমেব অচারি নানাদেশসঞ্চরণমকারি। কীদৃশস্যাস্য অর্য্যস্যক্ষতস্য অরেঃ অসয়ঃ

অনন্তর রাজা ভীম সামাদি উৎকৃষ্ট উপায়বিশিষ্ট নলের অপক্রমণবার্ত্তা শ্রবণ করিয়া, অনুগামিবর্গের সহিত বহুকাল আয়াসস্বীকারসহকারে নলের অন্বেষণজন্য কৃতসঙ্কল্প হইলেন। গোপগণ ইহাঁর বশীভূত ছিল ॥ ১ ॥

তদনন্তর অরাতিগণের খড়্গাঘাতে অক্ষতদেহ, আর্য্য ভীমের আদেশে

অথ নয়নেত্রাসাদিপ্রচুরা পূঃ কেনচিজ্জনেত্রাসাদি।
যত্র সুনেত্রাসাদিগ্‌ভ্রমেণ দুঃখঙ্গতাবনেত্রাসাদি ॥ ৩ ॥
সহ দীনাযততেন স্বগৃহঞ্চ ভৈমী যযেমুনাযততেন।
স্বনয়েনাযততেন প্রাপ্তেস্বাসোশ্চ শোভনায়ততেন ॥ ৪ ॥

অথ অত্র জনে কেনচিৎ নয়নেত্রা সাদিপ্রচুরা পূঃ অসাদি যত্র সুনেত্রা সা বনে দিগ্‌ভ্রমণেন ত্রাসাদি দুঃখং গতা ॥ ৩ ॥

দীনা ভৈমী তেন সহ স্বগৃহং চ আয়ত অমুনা আয়ততেন যযে চ শোভনা স্বনয়েন অয়ততেনপ্রাপ্তৌ যততে স্বাসোঃ ন ॥ ৪ ॥

অর্য্যসম্বস্তৈঃ শক্রথক্তৈারক্ষতস্য অতাড়িতস্য। এবমার্য্যস্য শ্রেষ্ঠস্য আচার্য্যস্য গুরোর্ব্বচসা শিষ্যৈকৈরিব শিষ্যৈরিব স্বার্থে কঃ। শিষ্যা যথা গুরোরাজ্ঞয়া অহর্নিশং সঞ্চরন্তি তথেত্যর্থঃ ॥ ২ ॥

অথেতি। অথানন্তরং অত্র জনে বিষয়ে কেনচিদনির্ব্বচনীয়চতুরেণ সুদেবনাম্না নয়নেত্রা নীতিনিপুণেন দ্বিজেন সাদিপ্রচুরা সাদিনোঽশ্ববারাঃ প্রচুরা যস্যাং সা পূঃ অসাদি প্রাপ্তা। সা কা যত্র পুরি সা সুনেত্রা ভৈমী বর্ত্তত ইতি শেষঃ। কীদৃশী সা বনে দিগ্‌ভ্রমেণ দিগ্‌ভ্রান্ত্যা ত্রাসাদি ত্রাসপূর্ব্বকং দুঃখং গতা প্রাপ্তা। দিগ্‌ভ্রমেণেত্যত্র আদিক্রান্ত্যা ইতি পাঠে যত্র পুরি আদিক্রান্ত্যা প্রথমপ্রবেশেন জনে লোকে ত্রাসাদি ভবতি। যত্র পুরি বনে দুঃখঙ্গতা বা সা সুনেত্রা আসীদিত্যর্থঃ ॥ ৩ ॥

সহেতি। দীনা দুঃখিতা ভৈমী তেন দ্বিজেন সহ স্বগৃহং অ‌য়ত গতবতী। চেদিপুরীনিলয়ং ব্রাহ্মণং গৃহীত্বা স্ববাসস্থানে গতবতীত্যর্থঃ। আয়ততেন ধনাগমব্যাপ্তেন অমুনা দ্বিজেন সহ ভৈম্যা যযে ভীমগৃহম্প্রতীতি শেষঃ।

দ্বিজশ্রেষ্ঠগণ, আচার্য্যের আজ্ঞায় শিষ্যগণের ন্যায়, দিবারাত্র নলের অন্বেষণ করিয়া বেড়াইতে লাগিলেন ॥ ২ ॥

অনন্তর ঐ সকল লোকের মধ্যে অনির্ব্বচনীয়চতুর নীতিনিপুণ সুদেবনামক ব্রাহ্মণ যেখানে প্রচুর অশ্বারোহীর বাস এবং সুনেত্রা দময়ন্তী বনমধ্যে দিকে দিকে ভ্রমণপূর্ব্বক শঙ্কাসহকৃত দুঃখ ভোগ করিয়া, অধুনা যেখানে অবস্থিতি করিতেছেন, সেই পুরে গমন করিলেন ॥ ৩ ॥

অতীবদুঃখিতা ভৈমী সেই ব্রাহ্মণের সহিত স্বভবনে গমন করিলেন। বিপুল-আয়শালী সেই সুদেবও তৎসমভিব্যাহারে প্রস্থান করিলেন। সেই

বসনাংশস্যস্তেন ক্কাসি মমায়ং বিধির্যশস্যস্তেন।
ছদ্মবিশস্যস্তেন স্বজনেন ভৃতেন ভবসি শস্যস্তেন ॥ ৫ ॥

বসনাংশস্য স্তেন ক্ক অসি মম অয়ং বিধিঃ তে যশস্যঃ ন অস্তেন স্বজনেন ছদ্ম বিশসি ভৃতেন তেন শস্যঃ ভবসি ॥ ৫ ॥

চেদিরাজদত্তধনবতা দ্বিজেন সহ ভৈমী ভীমগৃহমগাদিতি ভাবঃ। যদ্বা নলান্বেষণায় ভীমদত্তবহুধনবতা বিপ্রেণ ভৈম্যা সহ চেদিগৃহং যযে ইত্যর্থঃ। শোভনা সা ভৈমী স্বনয়েন স্বনীত্যা অয়তত্তেনপ্রাপ্তৈ্য অয়ঃ শুভবিধিস্তেন ততো ব্যাপ্তো য ইনঃ স্বামী নলস্তস্য প্রাপ্তৈ্য যততে স্ম যত্নমকরোৎ। স্বাসোঃ স্বকীয়প্রাণস্য প্রাপ্তৈ্য ন যততে স্ম। অত্রেয়ং ভারতবার্ত্তা সুনন্দান্তঃপুরে সমাগতং সুদেবং ব্রাহ্মণং দৃষ্ট্বা দময়ন্তী রুরোদ। সুদেব উবাচ অহং তব ভ্রাতুঃ সখা সুদেবনামা ভীমবচনাৎ ত্বামন্বেষ্টুমাগতঃ তব বান্ধবাস্ত্বাং বিনা মৃতা ইব তিষ্ঠন্তি। ততো রাজমাতরং সর্ব্ববৃত্তান্তমকথয়ৎ। সুবাহুমাতা চ নলপত্নীং দময়ন্তীং জ্ঞাত্বা আলিঙ্গ্য সান্ত্বয়ামাস। সুনন্দা তু নিশ্চয়ার্থং তস্যা গাত্রমলং দূরীকৃত্য শিরস্যর্দ্ধচন্দ্রাকারজরুড়লাঞ্ছনং দদর্শ। তচ্চিহ্নেন সুদৃঢ়ং জ্ঞাত্বা মম ভগিন্যাঃ কন্যা ত্বং ইত্যুক্ত্বা রাজমাতা তামলঙ্কৃত্যামাত্যৈঃ সুদেবেন চ সহিতাং দময়ন্তীং পিতৃগৃহং প্রাপয়ৎ। তত্র সা পুত্রাদিভিঃ সহ যুযোজ। ভীমশ্চ সুদেবায় পুনঃ পুনঃ প্রণামং কৃত্বা বহুধনানি দদৌ। ততো নলান্বেষণার্থং পুনর্ব্রাহ্মণান্ প্রেষয়ামাস ইতি ॥ ৪ ॥

বসনেতি। নয়মেবাহ হে বসনাংশস্য বস্ত্রখণ্ডস্য স্তেন চৌর নল ত্বং ক্কাসি মম দময়ন্ত্যা অয়ং বিধিঃ বনগমনাদিস্তে যশস্যো ন যশসে ন। হে প্রিয় অস্তেন ত্যক্তেন স্বজনেন স্ববন্ধুনা কৃত্বা ছদ্ম কপটং বিশসি প্রাপ্নোষি। ভৃতেন পালিতেন তেন স্বজনেন শস্যঃ স্তুত্যো ভবসি। স্ববন্ধুপালনেন কীর্ত্তেরুদয়স্তত্ত্বয়া ন কৃতমিতি ভাবঃ ॥ ৫ ॥

শোভনা ভৈমী স্বকীয় নীতি সহায়ে বিবিধ শুভানুষ্ঠানে অলঙ্কৃত স্বামীর প্রাপ্তি জন্য যেরূপ যত্ন করিতে লাগিলেন, আপনার জীবনের জন্য সেরূপ নহে ॥ ৪ ॥

যাহারা নলের অন্বেষণে প্রবৃত্ত হইল, তিনি বলিয়া দিলেন, তাহারা দিকে দিকে এই কথা বলিয়া তাঁহার অন্বেষণ করিবে, হে বস্ত্রখণ্ড-চৌর! তুমি কোথায়? আমার এই বনগমনাদি ব্যাপারপরম্পরা কখনই তোমার

স জনস্তেনাগাদিক্রামীতি জনেন তন্মতেনাগাদি।
ভর্ত্তৃকৃতেনাগাদিস্যদেন ভুবি বস্তুপরিহৃতেনাগাদি ॥ ৬ ॥
কোপ্যূচেতনযাযাঃ পদমেত্য নৃপস্য তেষু চেতনযাযাঃ।
ভীর্ম্মুঞ্চেতনযাযাদর্ত্তিস্ত্বাং দুঃসহাচেতনযাযা ॥ ৭ ॥

তেন অগাদিক্রামী সঃ জনঃ ভর্ত্তৃকৃতে তন্মতেন জনেন ইতি অগাদি নাগাদিস্যদেন ভুবি বস্তুপরিহৃতেন অগাদি ॥ ৬ ॥

তেষু চ কোপি ইতনয়াযাঃ নৃপস্য তনয়ায়াঃ পদং এত্য উচে ত্বাং ভীঃ মুঞ্চেত ন অর্ত্তিঃ যায়াৎ যা চ চেতনয়া দুঃসহা ॥ ৭ ॥

সজনেতি। অগাদিক্রামী পর্ব্বতাদিক্রমণশীলঃ স জনঃ প্রেষ্যজনঃ ভর্ত্তৃকৃতে নলার্থে তন্মতেন ভৈম্যাজ্ঞপ্তেন কেনচিদন্তঃপুরচারিণা জনেন ইতি পূর্ব্বোক্তশ্লোকোক্তিপ্রকারেণাগাদি উক্তঃ। তথা চ অস্য পূর্ব্বোক্ত-শ্লোকস্যার্থং জ্ঞাত্বোত্তরং যো দদাতি তদাগত্য কথয়েত্যুক্তঃ ততস্তেন জনেন প্রেষ্যলোকেন নাগাদিস্যদেন নাগং সর্পমত্তীতি নাগাদী গরুড়স্তদ্বৎ স্যদো বেগো যস্য তেন বস্তুপরিহৃতেন নাগরীয়বস্তুত্যক্তবতা ছদ্মচারিণা ইত্যর্থঃ ভুবি ভূমৌ অগাদি পূর্ব্বোক্তশ্লোকস্য কোঽর্থ ইতি অবাদি। স প্রেষ্যলোকো দময়ন্ত্যানুমতেন কেনাপ্যন্তঃপুরচারিণোক্তঃ। এতদভিজ্ঞানে নলস্যেতি দময়ন্ত্যৈব গ্রাহিতসংজ্ঞঃ নলান্বেষণায় শ্লোকার্থং পৃচ্ছন্ পর্য্যচারী-দিতি ভাবঃ। "রংহস্তরসী তু রয়ঃ স্যদঃ। শৈলবৃক্ষৌ নগাবগৌ" ॥ ৬

কোপ্যূচে ইতি। তেষন্বেষকেষু মধ্যে কোপ্যন্বেষকজনঃ তনয়ায়াঃ ইতঃ প্রাপ্তো জ্ঞাতো বা নয়ো যয়া তাদৃশ্যাঃ জ্ঞাতনীতের্নৃপস্য ভীমস্য তন-য়ায়াঃ পদং স্থানমেত্য ঊচে উক্তবান্। হে দময়ন্তি ত্বাং ভীর্ভয়ং মুঞ্চেত

যশের সমুদ্‌ঘাটক হইবে না। তুমি স্বজনকে ত্যাগ করিয়া, কপট আশ্রয় করিয়া আছ। তাহাকে রক্ষা করিয়া যশঃসঞ্চয় কর ॥ ৫ ॥

ভৈমীর আদেশানুসারে অন্তঃপুরচারী কোন ব্যক্তি নলের অন্বেষণে প্রবৃত্ত লোকদিগকে উল্লিখিত কথা বলিয়া দিল। তাহারা পর্ব্বতাদি অতি-ক্রম করিয়া, ছদ্মবেশে গরুড়ের ন্যায়, সবেগে ইতস্ততঃ ভ্রমণ করিতে করিতে ঐ কথা বলিতে লাগিল ॥ ৬ ॥

অনন্তর সেই অন্বেষণকারী পুরুষগণের মধ্যে কোন ব্যক্তি নয়মার্গশালিনী রাজনন্দিনী দময়ন্তীর স্থানে সমাগত হইয়া, বলিতে লাগিল, আপনি ভয়

নিজধামেতং সময়াম্বতুপর্ণং শ্রাবিতোঽর্থমেতং সময়া।
সচিবসমেতং সময়াগিরোত্তরং নাজনিষ্টমেতং সময়া ॥ ৮ ॥

নিজধামেতং ঋতুপর্ণং সময়া ময়া সঃ এতং অর্থং সময়া গিরা শ্রাবিতঃ সচিবসমেতং মেতং সময়া উত্তরং ন অজনিষ্ট ॥ ৮ ॥

ত্যজেত। অর্ত্তিঃ পীড়া চ ন যায়াৎ ন গচ্ছেৎ ভয়মর্ত্তিশ্চ তে ন ভবিষ্যতীতি যাবৎ। যা অর্ত্তিঃ চেতনয়া বুদ্ধ্যা দুঃসহা সোঢ়ুমশক্যা। হে দময়ন্তি ত্বাং ভয়ং পীড়া চ হাস্যতি। নলো ময়া লক্ষিত ইত্যবোচদিতি ভাবঃ। "পদং ব্যবসিতত্রাণ-স্থানলক্ষ্মাঙ্ঘ্রিবস্তুষু। ভীতির্ভীঃ সাধ্বসন্ত্রয়ম্"। মুচ্‌লৃ মোক্ষণ ইত্যস্যাত্মনে পদে সেমুচাদীনামিতি নুমি মুঞ্চেতেতি রূপম্। "মতির্মনীষা বুদ্ধির্ধীর্ধীষণা জ্ঞপ্তিচেতনে" ইতি হেমচন্দ্রঃ। "অর্ত্তিঃ পীড়াধনুষ্কোট্যো"রিত্যমরঃ ॥ ৭ ॥

নিজেতি। হে দময়ন্তি নিজধামেতং নিজস্থানমযোধ্যা তত্রেতং তত্র স্থিতং অযোধ্যাধীশং ঋতুপর্ণনামানং রাজানং সময়াং সমাগতঃ। স চ ময়া এনং অর্থং বসনস্তৈন্যাদিরূপমর্থং বাচ্যং সময়া সশ্রীকয়া সময়া অনতি-নিম্নোন্নতয়া গিরা বাচা শ্রাবিতঃ সচিবসমেতং মন্ত্রিসমেতং তথা মেতং মাং লক্ষ্মীং ইতং প্রাপ্তং ঋতুপর্ণং সময়া ঋতুপর্ণস্য সমীপে উত্তরং প্রতিবাক্যং নাজনিষ্ট ন জাতম্। হে ভৈমি বসনস্তেয়াদিকং ত্বদুক্তং শ্রাবিত ঋতুপর্ণঃ। মন্ত্রিসহিতস্য তস্য সমীপে উত্তরঞ্চ নাবাপ্তমিতি ভাবঃ। অভিতঃ পরিতঃ সময়েতি দ্বিতীয়া ঋতুপর্ণমিতি। "মন্ত্রী ধীঃ সচিবোঽমাত্যঃ"। সময়া-মিতি যাতের্লঙি। "সময়ান্তিকমধ্যয়ো"রিতি মেদিনীকরঃ। অজনিষ্টেতি দীপজনেত্যাদিনা চিণ্ তদ্বিকল্পে রূপম্ ॥ ৮ ॥

পরিহার করুন। যাহা বুদ্ধিবলেও সহ্য করা দুর্ঘট, সেই পীড়াও আপনাকে আর আক্রমণ করিতে পারিবে না ॥ ৭ ॥

হে ভৈমি! আমি নিজস্থান অযোধ্যায় অধিষ্ঠিত রাজা ঋতুপর্ণের নিকট গমন করিয়া, সমুচিত বাগ্‌বিন্যাসসহকারে তাঁহারে আপনার ঐ আদেশ-বাদ শ্রবণ করাইলাম। কিন্তু মন্ত্রিসমেত সেই পরমলক্ষ্মীমান্ ঋতুপর্ণ কোন উত্তরই করিলেন না ॥ ৮ ॥

দীনানায়তনস্থো নানায়তনক্ষমোঽস্য সৌত্যেঽধিকৃতঃ।
নানায়তনকরো লীনানায়তনঃ পথ্যুবাচাথ রহঃ॥ ৯॥
দীনায়ানায়তয়া বিবাসসেঽস্মৈ বিহীনযানায়তয়া।
ন খলু ধিয়ানায়তয়া ক্রোধব্যন্ধর্ম্মনিশ্চয়ানায়তয়া॥ ১০॥

অথ অস্য আয়তনস্থঃ সৌত্যেঽধিকৃতঃ নানায়তনক্ষমঃ অনায়তনকরঃ না পথি লীনান্ দীনান্ নঃ আয়ত রহঃ উবাচ॥ ৯॥

যা ধর্ম্মনিশ্চয়ান্ আয়ত তয়া অনায়তয়া ধিয়া দীনায় অনায়তয়া বিবাসসে বিহীনযানায় অস্মৈ খলু ন ক্রোধব্যং॥ ১০॥

দীনেতি। অথানন্তরমস্য ঋতুপর্ণস্যায়তনং গৃহং তত্রস্থিতঃ সৌত্যে সারথ্যেঽধিকৃতঃ। অনায়তনকরঃ ন আয়তনঃ দীর্ঘঃ করো যস্য তাদৃশঃ কুব্জো না পুরুষঃ পথি লীনান্মার্গে লগ্নান্ গচ্ছতঃ নোঽস্মান্ দীনান্ দুঃখিতান্ রহঃ বিবিক্তে আয়ত আগতবান্ ইতি উত্তরশ্লোকে বক্ষ্যমাণং চ উবাচ অবাদীৎ। কীদৃশঃ নানায়তনক্ষমঃ নানাপ্রযত্নসমর্থঃ। ত্বদুক্তং শ্রাবয়িত্বাঽপ্রাপ্তোত্তরান্মার্গে গচ্ছতোঽস্মান্ সঙ্কুচিতকরস্তৎস্থো রহসি এতোদং উবাচেতি ভাবঃ। গুণ-বচনব্রাহ্মণাদিভ্যঃ কর্ম্মণি চেতিষ্যঞি সৌত্যং। "সূতস্বষ্টরি সারথৌ"। আয়-তেত্যয়গতাবিত্যস্য লঙি। "মঙ্গলানন্তরারম্ভপ্রশ্নকার্ৎস্ন্যেষথো অথ। রহো-স্তিকমুপহ্বরে"। যদ্বা দীনানায়তনস্থ ইতি নলবিশেষণং দীনশ্চাসৌ অনায়-তনস্থঃ অসম্যগায়তনস্থশ্চেতি তাদৃশ ইত্যর্থঃ॥ ৯॥

দীনেতি। আগত্য কিমুবাচেত্যাহ দীনায় দুঃখিতায় অনা[illegible]য়া আয়ো ধনাগমঃ ন আয়ো যস্যাসৌ অনায়স্তদ্ভাবস্তত্তা তয়া ধনাগমরহিতত্বেন। বিবাসসে বস্ত্রহীনায় তস্মৈ বসনস্তেনায়। এবং বিহীনঃ ত্যক্তং যানং যেন তাদৃশায়। অনায়তয়া অদীর্ঘতয়া অবিচারপূর্ব্বিকয়া ধিয়া বুদ্ধ্যা তয়া দম-য়ন্ত্যা ন ক্রোধব্যং ক্রোধো ন কর্ত্তব্যঃ। খল্বনুনয়ে। তয়া কয়া যা ধর্ম্ম-

---

অনন্তর আমরা পথিমধ্যে নিতান্ত ব্যাকুলভাবে গমন করিতেছি; এমন সময়ে সেই ঋতুপর্ণের গৃহস্থিত, তদীয় সারথ্যে নিযোজিত, বিবিধ ব্যাপার-সাধনে সমর্থ, অদীর্ঘবাহু কোন পুরুষ নির্জ্জনে আমাদের নিকট আসিয়া, বলিতে লাগিলেন॥ ৯॥

দেখ, যে ব্যক্তি আয়হীন বলিয়া, দীনদশায় পতিত এবং বস্ত্রহীন ও যানহীন হইয়াছে; বুদ্ধিবলে বিচার না করিয়া, ঐ ব্যক্তির প্রতি দময়ন্তীর

কৃতকর্ম্মানেনত্বাগতোস্মি বচসেতি তস্য মানেনস্বা।
বেদযমানেনত্বা বিপ্রে চ ধনেষু দীয়মানেনত্বা ॥ ১১ ॥

মানেন তস্য অনেন তু বচসা কৃতকর্ম্মা ত্বা আগতঃ অস্মি ইতি বেদয়মানে বিপ্রে চ নত্বা ধনেষু দীয়মানেনত্বা ॥ ১১ ॥

নিশ্চয়ান্ ধর্ম্মনির্ণয়ান্ অয়ত গতবতী যাতিধার্ম্মিকীত্যর্থঃ। ধনাগমরহিতত্বেন দীনায় বসনহীনায় চ তস্মৈ নলায় তয়া দময়ন্ত্যা ক্রোধো ন করণীয়ঃ দৈব-বশাদেতৎ সর্ব্বমভূদিতি ভাবঃ। ক্রুধদ্রুহের্ষ্যাসূয়ার্থানাং যং প্রতি কোপ ইতি সম্প্রদানত্বাৎ চতুর্থী অস্মৈ ইতি। আগতেত্যয়গতাবিত্যস্য লঙি ॥ ১০ ॥

কৃতেতি। প্রেষ্যদ্বিজ আহ হে দময়ন্তি মানেন প্রমাণেন সত্যেন তস্য পুরুষস্য অনেন তু বচসা বচনেন কৃতকর্ম্মা কৃতকার্য্যোহং ত্বা ত্বাং প্রত্যাগতোস্মি ইতি বেদয়মানে বোধয়তি বিপ্রে ব্রাহ্মণে নত্বা নমস্কৃত্য ধনেষু দীয়মানেনত্বা দীয়মানমিনত্বং স্বামিত্বং যয়া তাদৃশী। ধনেষু দত্তস্বামিত্বা সাসীদিত্যর্থঃ। অহং তস্য পুরুষস্য সত্যেন বচসা কৃতকৃত্যস্ত্বৎসমীপমাগত ইতি বদতি বিপ্রে নমস্কৃত্য বহুধনস্বামিত্বং অকার্ষীদিত্যর্থঃ। “ইনঃ সূর্য্যে প্রভৌ রাজ্ঞি”। অত্রেয়ং পুরাণবার্ত্তা দময়ন্তী চ নানাস্তুতিং কৃত্বা পর্ণাদনামানং ব্রাহ্মণং ঋতুপর্ণরাজ-সারথিনিকটে শ্লোকচতুষ্টয়ং দত্বা প্রেষয়ামাস স চ তত্র গত্বা তস্মৈ শ্লোকান্ দদৌ। শ্লোকা যথা ;—

ক্বনু ত্বং কৈতবৈশ্ছিত্বা বস্ত্রার্দ্ধং প্রস্থিতো মম।
উৎসৃজ্য বিপিনে সুপ্তামনুরক্তাং প্রিয়াং প্রিয় ! ॥ ১ ॥
সা বৈ যথা সমাদৃষ্টা তথাস্তে ত্বৎপ্রতীক্ষিণী।
দহ্যমানা ভৃশং বালা বস্ত্রার্দ্ধেনাভিসংবৃতা ॥ ২ ॥
অস্যা রুদন্ত্যাঃ সততং তেন শোকেন পার্থিব ! ।
প্রসাদং কুরু বৈ বীর প্রতিবাক্যং দদস্ব চ ॥ ৩ ॥
মা কুরুষ প্রাণনাথ বিফলং জীবনং মম।
যদি তিষ্ঠন্ ন বক্তাসি স্ত্রীহত্যা ত্বামভিস্পৃশেৎ ॥ ৪ ॥

ক্রোধ প্রকাশ করা কর্ত্তব্য হয় নাই। বলিতে কি, তিনি ধর্ম্মসকলের যথাযথ স্বরূপ পরিজ্ঞাত হইয়াছেন ॥ ১০ ॥

হে দময়ন্তি! আমি সেই পুরুষের এই সত্য বাক্যে কৃতকার্য্য হইয়া,

তত্রাপর্ণাযততস্বনয়াদ্ভৈমী তপস্যপর্ণাযতত।
তুলিতসুপর্ণাযততস্তস্যাগমনায় সর্ত্তুপর্ণাযততঃ ॥ ১২ ॥

ততঃ তত্র ততঃ সর্ত্তুপর্ণায় তস্ত অপর্ণায় তুলিতসুপর্ণায় আগমনায় ভৈমী অপর্ণা তপসি ততস্বনয়াৎ অযতত ॥ ১২ ॥

ইতি পর্ণাদব্রাহ্মণাদ্‌বৃত্তান্তং শ্রুত্বা নল উবাচ

ক্ব নু সা ক্ষুৎপিপাসার্ত্তা শ্রান্তা শেতে তপস্বিনী।
স্মরন্তী তস্য মন্দস্য কং বা সাদ্যোপতিষ্ঠতে ॥

ইতি কথয়িত্বা শ্লোকপঞ্চকং প্রস্থাপয়ামাস। যথা

বৈধব্যমপি সংপ্রাপ্য গোপয়ন্তি কুলস্ত্রিয়ঃ।
আত্মানমাত্মনা সত্যো জিতস্বর্গা ন সংশয়ঃ ॥ ১ ॥
রহিতা ভর্ত্তৃভিঃ সত্যো ন ক্রুধ্যন্তি কদাচন।
প্রাণাংশ্চারিত্রকবচান্ ধারয়ন্তি কুলস্ত্রিয়ঃ ॥ ২ ॥
বিষমস্থেন মূঢ়েন পরিভ্রষ্টসুখেন চ।
যৎ সা তেন পরিত্যক্তা ন তত্র ক্রোদ্ধুমর্হসি ॥ ৩ ॥
প্রাণযাত্রাং পরিপ্রেপ্সোঃ শকুনৈর্হৃতবাসসঃ।
আধিভির্দহ্যমানস্য ন শ্যামা ক্রোদ্ধুমর্হসি ॥ ৪ ॥
সৎকৃতাসৎকৃতা বাপি পতিং দৃষ্ট্বা যথাগতম্।
রাজ্যভ্রষ্টং শ্রিয়া হীনং ন শ্যামা ক্রোদ্ধুমর্হসি ॥ ৫ ॥

ইতি শ্লোকপঞ্চকং নীত্বা আগত্য দময়ন্তীং শ্রাবয়ামাস পর্ণাদ ইতি ॥১১॥

তত্রেতি। ততস্তদনন্তরং তত তস্মিন্ কালে ততোঽযোধ্যায়াঃ পঞ্চম্যাস্তসিল্ সর্ত্তুপর্ণায় ঋতুপর্ণসহিতায় তস্ত নলস্যাপর্ণায় অপগতমৃণং যস্মিন্ তাদৃশায় নলপ্রেরিতহয়ানামেকদিবসেন বহুযোজনাধ্বলঙ্ঘনাদৃণাপগমঃ। তুলিতঃ সুপর্ণো গরুড়ো যেন তাদৃশায় আগমনায় তপসি শরীরসন্তাপলক্ষণে

তোমার সকাশে সমাগত হইয়াছি। সেই দ্বিজ এইপ্রকার বিজ্ঞাপিত করিলে, দময়ন্তী তাঁহারে প্রণাম করিয়া, বহুধনের অধীশ্বর করিলেন ॥ ১১ ॥

অনন্তর নল যাহাতে গরুড়ের ন্যায়, ঋতুপর্ণের সহিত এক দিবসে বহুযোজনপথ-লঙ্ঘনরূপ ঋণ শোধ করিয়া, বিস্তৃত-নয়রত্নশালী অযোধ্যা হইতে

চতুর্থ সর্গঃ।

সা কৃতসামান্যেন শ্রাবিতবত্যমুমনন্যসামান্যেন।
স্বং রহসামান্যেন স্বয়ংবরং স্মরতি নাঞ্জসামান্যেনঃ ॥ ১৩ ॥

কৃতসামা সা অনন্যসামান্যেন অন্যেন মান্যেন স্বং স্বয়ংবরং রহসা অমুং শ্রাবিতবতী মানী অঞ্জসা এনঃ স্মরতি ন ॥ ১৩ ॥

একভক্তোপবাসাদৌ অপর্ণা পার্ব্বতী ইব ভৈমী দময়ন্তী তত্তবনযাৎ ততো বিস্তৃতো যঃ স্বনয়ঃ স্বনীতিস্তস্মাদযতত যত্নং সমাস্থিতা। তদনন্তরং দময়ন্তী বহুবিশালস্বনীতেরযোধ্যাতো নলস্য সর্ত্তুপর্ণস্যাগমনায় যত্নং কৃতবতীতি ভাবঃ। "স্যাদৃণং পর্য্যুদঞ্চনম্"। ঋণমাধমর্ণ্যে ইতি নিপাতঃ। যত্তৌ প্রযত্ন ইত্যস্য লঙি ॥ ১২ ॥

সেতি। কৃতসামা কৃতং সাম সান্ত্বং যয়া তাদৃশী সানন্যসামান্যেন অন্যাসাধারণেন। অন্যেনাপরেণ মান্যেন পূজ্যেন বিপ্রেণামুং ঋতুপর্ণং রহসা একান্তেন স্বং স্বীয়ং স্বয়ম্বরং শ্রাবিতবতী অশিশ্রবৎ। পূর্ব্বপরিণীতা পরিণয়-নান্তরং কর্ত্তুং কথং প্রবর্ত্ততে তত্রাহ। মানী অভিমানী অঞ্জসা ঝটিতি এনঃ পাপং ন স্মরতি। সা দময়ন্তী অন্যেন কেনাপি দ্বিজেন স্বং স্বয়ংবর মুপহ্বয়ে ঋতুপর্ণং শ্রাবিতবতী। যতো মানী ঝটিতি ন পাপং স্মরতি। ঋতুপর্ণঃ স্বয়ংবরং শ্রুত্বা শীঘ্রমেষ্যতি তেন সহ নলোপ্যাগমিষ্যতীতি ভাবঃ। "স্রাগ্-ঝটিত্যঞ্জসাহ্নায় দ্রাক মংক্ষু সপদি দ্রুতে। শ্বোজ্ঞাতাবাত্মনি স্বস্ত্রিযাস্মীয়-স্বোস্ত্রিয়াদ্ধনে" ইত্যমরঃ। অত্রেয়ং পুরাণবার্ত্তা। দময়ন্তী মাতরমুবাচ সুদেবো যাতু ঋতুপর্ণং বদতু ভৈমী পুনঃস্বয়ংবরং করিষ্যতি স তু শ্বোভাবী যদি দ্রষ্টু-মিচ্ছা তদাগচ্ছ। তৎ শ্রুত্বা তন্মাতা তথাকরোৎ। ঋতুপর্ণোপি সুদেবাৎ তচ্ছ্রুত্বা গমনং নিশ্চিত্য নলেন পরামৃষত ইতি ॥ ১৩ ॥

আগমন করেন, তজ্জন্য ভৈমী সাক্ষাৎ পার্ব্বতীর ন্যায়, তপশ্চরণে যত্নবতী হইলেন ॥ ১২ ॥

তিনি আপনারই একমাত্র অধিকৃত, অন্যের মাননীয় কোন ব্রাহ্মণ দ্বারা গোপনে ঋতুপর্ণের নিকট বলিয়া পাঠাইলেন, দময়ন্তী পুনরায় স্বয়ংবরা হইবেন। তথাহি, অভিমানী পুরুষ সহসা পাপ স্মরণ করে না ॥ ১৩ ॥

